

SSC Math

অধ্যয়ভিত্তিক কন্টেন্ট

অধ্যায়-১১: বীজগণিতীয় অনুপাত ও সমানুপাত

প্রয়োজনীয় তথ্য:

■ অনুপাত:

একই এককে সমজাতীয় দুইটি রাশির পরিমাণের একটি অপরটির কত গুণ বা কত অংশ তা একটি ভগ্নাংশ দ্বারা প্রকাশ করা যায়। এই ভগ্নাংশটিকে রাশি দুইটির অনুপাত বলে।

ব্যখ্যা : দুইটি রাশি p ও q এর অনুপাতকে $p : q = \frac{p}{q}$ লেখা হয়। p ও q রাশি দুইটি সমজাতীয় ও একই এককে হতে হবে। অনুপাতে p কে পূর্ব রাশি এবং q কে উত্তর রাশি বলা হয়।

■ সমানুপাত :

যদি চারটি রাশি এরূপ হয় যে, প্রথম ও দ্বিতীয় রাশির অনুপাত তৃতীয় ও চতুর্থ রাশির অনুপাতের সমান হয়, তবে ঐ চারটি রাশি নিয়ে একটি সমানুপাত উৎপন্ন হয়। a, b, c, d এরূপ চারটি রাশি হলে আমরা লিখি, $a : b = c : d$

ক্রমিক সমানুপাতী

a, b, c ক্রমিক সমানুপাতী বলতে বোঝায় $a : b = b : c$

a, b, c ক্রমিক সমানুপাতী হবে যদি এবং কেবল যদি $b^2 = ac$ হয়। ক্রমিক সমানুপাতের বেত্রে সবগুলো রাশি এক জাতীয় হতে হবে।

■ অনুপাতের রূপান্তর:

এখানে অনুপাতের রাশিগুলো ধনাত্মক সংখ্যা।

(১) $a : b = c : d$ হলে, $b : a = d : c$ [ব্যস্তকরণ (*invertendo*)]

(২) $a : b = c : d$ হলে, $a : c = b : d$ [একান্তকরণ (*alternendo*)]

(৩) $a : b = c : d$ হলে, $\frac{a+b}{b} = \frac{c+d}{d}$ [যোজন (*componendo*)]

(৪) $a : b = c : d$ হলে, $\frac{a-b}{b} = \frac{c-d}{d}$ [বিয়োজন (*dividendo*)]

(৫) $a : b = c : d$ হলে, $\frac{a+b}{a-b} = \frac{c+d}{c-d}$ [যোজন-বিয়োজন (*componendo-dividendo*)]

(৬) $\frac{a}{b} = \frac{c}{d} = \frac{e}{f} = \frac{g}{h}$ হলে, প্রত্যেকটি অনুপাত $= \frac{a+c+e+g}{b+d+f+h}$

■ ধারাবাহিক অনুপাত :

দুইটি অনুপাত যদি $k : x$ এবং $x : g$ আকারের হয়, তাহলে তাদেরকে সাধারণত $k : x : g$ আকারে লেখা যায়। একে ধারাবাহিক অনুপাত বলা হয়। যেকোনো দুইটি বা ততোধিক অনুপাতকে এই আকারে প্রকাশ করা যায়। এখানে লবণীয় যে, দুইটি অনুপাতকে $k : x : g$ আকারে প্রকাশ করতে হলে প্রথম অনুপাতটির উত্তর রাশি, দ্বিতীয় অনুপাতটির পূর্ব রাশির সমান হতে হবে। যেমন : $2 : 3$ এবং $4 : 3$ অনুপাত দুইটি $k : x : g$ আকারে প্রকাশ করতে হলে প্রথম অনুপাতটির উত্তর রাশিটিকে দ্বিতীয় অনুপাতটির পূর্ব রাশির সমান করতে হবে। অর্থাৎ ঐ দুইটি রাশিকে তাদের ল.সা.গু. এর সমান করতে হবে।

অতএব, $2 : 3$ এবং $4 : 3$ অনুপাত দুইটি $k : x : g$ আকারে হবে $8 : 12 : 9$ ।

■ সমানুপাতিক ভাগ :

কোনো রাশিকে নির্দিষ্ট অনুপাতে ভাগ করাকে সমানুপাতিক ভাগ বলা হয়। S কে $a : b : c : d$ অনুসারে ভাগ করতে হলে, S কে মোট $(a + b + c + d)$ ভাগ করে যথাক্রমে a, b, c ও d ভাগ নিতে হয়।

অতএব

$$1ম অংশ = S \text{ এর } \frac{a}{a+b+c+d} = \frac{Sa}{a+b+c+d}$$

$$3য় অংশ = S \text{ এর } \frac{c}{a+b+c+d} = \frac{Sc}{a+b+c+d}$$

$$2য় অংশ = S \text{ এর } \frac{b}{a+b+c+d} = \frac{Sb}{a+b+c+d}$$

$$8র্থ অংশ = S \text{ এর } \frac{d}{a+b+c+d} = \frac{Sd}{a+b+c+d}$$

অনুশীলনী ১১.১

অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১১ ১ ৥ দুইটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য যথাক্রমে a মিটার এবং b মিটার হলে, তাদের ক্ষেত্রফলের অনুপাত কত?

সমাধান : ১ম বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = a মিটার

∴ ১ম বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = a^2 বর্গমিটার
এবং ২য় বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = b মিটার

∴ ২য় বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = b^2 বর্গমিটার

∴ ১ম ও ২য় বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত = $\frac{a^2}{b^2} = a^2 : b^2$

∴ তাদের বেষত্রফলের অনুপাত = $a^2 : b^2$ (Ans.)

প্রশ্ন ১১ ২ ৥ একটি বৃত্তক্ষেত্রের ক্ষেত্রফল একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সমান হলে, তাদের পরিসীমার অনুপাত নির্ণয় কর।

সমাধান : ধরি, বৃত্তক্ষেত্রের ব্যাসার্ধ = r মিটার

∴ বৃত্তক্ষেত্রের ক্ষেত্রফল = πr^2 বর্গমিটার

∴ বৃত্তের পরিসীমা = $2\pi r$ মিটার

প্রশ্নমতে, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = πr^2 বর্গ মিটার

∴ বর্গক্ষেত্রের এক বাহু = $\sqrt{\pi r^2}$ মিটার = $\sqrt{\pi} r$ মিটার

∴ বর্গক্ষেত্রের পরিসীমা = $4\sqrt{\pi} r$ মিটার

বৃত্তক্ষেত্রের ও বর্গক্ষেত্রের পরিসীমার অনুপাত

$$= \frac{2\pi r}{4\sqrt{\pi} r} = \frac{\sqrt{\pi}}{2} = \sqrt{\pi} : 2 \text{ (Ans.)}$$

প্রশ্ন ১১ ৩ ৥ দুইটি সংখ্যার অনুপাত 3 : 4 এবং তাদের ল. সা. গু. 180; সংখ্যা দুইটি নির্ণয় কর।

সমাধান : ধরি, সংখ্যা দুইয় 3x ও 4x [অনুপাত অনুযায়ী]

∴ সংখ্যা দুয়ের ল. সা. গু. = 12x

প্রশ্নমতে, 12x = 180

$$\text{বা, } x = \frac{180}{12}$$

$$\therefore x = 15$$

∴ সংখ্যা দুয় যথাক্রমে (3 × 15) = 45

এবং (4 × 15) = 60

নির্ণেয় সংখ্যা দুইটি 45 ও 60.

প্রশ্ন ১১ ৪ ৥ একদিন তোমাদের ক্লাসে দেখা গেল অনুপস্থিত ও উপস্থিত ছাত্র সংখ্যার অনুপাত 1 : 4, অনুপস্থিত ছাত্র সংখ্যাকে মোট ছাত্র সংখ্যার শতকরায় প্রকাশ কর।

সমাধান : মনে করি, অনুপস্থিত ছাত্র সংখ্যা = x

এবং উপস্থিত ছাত্র সংখ্যা = 4x

∴ মোট ছাত্র সংখ্যা = (4x + x) জন = 5x জন

∴ অনুপস্থিত ছাত্র সংখ্যা মোট ছাত্র সংখ্যার $\frac{x}{5x}$ অংশ

$$\text{অর্থাৎ } \frac{\text{অনুপস্থিত ছাত্র}}{\text{মোট ছাত্র}} \times 100\% = \frac{x}{5x} \times 100\% = \left(\frac{1}{5} \times 100\right)\% = 20\%$$

∴ অনুপস্থিত ছাত্রসংখ্যা মোট ছাত্র সংখ্যার 20%. (Ans.)

প্রশ্ন ১১ ৫ ৥ একটি দ্রব্য ক্রয় করে 28% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ও ক্রয়মূল্যের অনুপাত নির্ণয় কর।

সমাধান : ক্রয়মূল্য 100 টাকা হলে 28% ক্ষতিতে বিক্রয়মূল্য = (100 - 28) বা 72 টাকা।

$$\begin{aligned} \text{বিক্রয়মূল্য : ক্রয়মূল্য} &= 72 : 100 = \frac{72}{100} \\ &= \frac{18}{25} = 18 : 25 \end{aligned}$$

∴ বিক্রয়মূল্য ও ক্রয়মূল্যের অনুপাত = 18 : 25. (Ans.)

প্রশ্ন ১১ ৬ ৥ পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 70 বছর। তাদের বয়সের অনুপাত 7 বছর পূর্বে ছিল 5 : 2। 5 বছর পরে তাদের বয়সের অনুপাত কত হবে?

সমাধান : মনে করি, 7 বছর পূর্বে পিতার বয়স ছিল 5k বছর

এবং 7 বছর পূর্বে পুত্রের বয়স ছিল 2k বছর

এখানে, k অনুপাতের সাধারণ গুণিতক

∴ বর্তমানে পিতার বয়স (5k + 7) বছর

এবং বর্তমানে পুত্রের বয়স (2k + 7) বছর

আবার, 5 বছর পরে পিতার বয়স (5k + 7 + 5) বছর

$$= (5k + 12) \text{ বছর}$$

এবং 5 বছর পরে পুত্রের বয়স (2k + 7 + 5) বছর

$$= (2k + 12) \text{ বছর}$$

প্রশ্নানুসারে, (5k + 7) + (2k + 7) = 70

$$\text{বা, } 5k + 7 + 2k + 7 = 70$$

$$\text{বা, } 7k + 14 = 70$$

$$\text{বা, } 7k = 70 - 14 = 56$$

$$\text{বা, } k = \frac{56}{7} = 8$$

$$\therefore k = 8$$

∴ 5 বছর পরে পিতা ও পুত্রের বয়সের অনুপাত

$$= (5 \times 8 + 12) : (2 \times 8 + 12)$$

$$= (40 + 12) : (16 + 12)$$

$$= 52 : 28$$

$$= 13 : 7 \text{ (Ans.)}$$

প্রশ্ন ১১ ৭ ৥ যদি a : b = b : c হয়, তবে প্রমাণ কর যে,

$$(i) \frac{a}{c} = \frac{a^2 + b^2}{b^2 + c^2} \quad (ii) a^2 b^2 c^2 \left(\frac{1}{a^3} + \frac{1}{b^3} + \frac{1}{c^3} \right) = a^3 + b^3 + c^3$$

$$(iii) \frac{abc(a+b+c)^3}{(ab+bc+ca)^3} = 1 \quad (iv) a - 2b + c = \frac{(a-b)^2}{a} = \frac{(b-c)^2}{c}$$

সমাধান : (i) দেওয়া আছে a : b = b : c,

$$\text{বা, } \frac{a}{b} = \frac{b}{c}$$

$$\therefore b^2 = ac$$

$$\text{বামপক্ষ} = \frac{a}{c}$$

$$\text{ডানপক্ষ} = \frac{a^2 + b^2}{b^2 + c^2} = \frac{a^2 + ac}{ac + c^2} \quad [\because b^2 = ac]$$

$$= \frac{a(a+c)}{c(a+c)} = \frac{a}{c}$$

$$\text{অর্থাৎ, } \frac{a}{c} = \frac{a^2 + b^2}{b^2 + c^2} \quad (\text{প্রমাণিত})$$

(ii) দেওয়া আছে, $a : b = b : c$

$$\text{বা, } \frac{a}{b} = \frac{b}{c}$$

$$\therefore b^2 = ac$$

$$\text{বামপক্ষ} = a^2 b^2 c^2 \left(\frac{1}{a^3} + \frac{1}{b^3} + \frac{1}{c^3} \right)$$

$$= \frac{a^2 b^2 c^2}{a^3} + \frac{a^2 b^2 c^2}{b^3} + \frac{a^2 b^2 c^2}{c^3}$$

$$= \frac{b^2 c^2}{a} + \frac{a^2 c^2}{b} + \frac{a^2 b^2}{c}$$

$$= \frac{ac \cdot c^2}{a} + \frac{(b^2)^2}{b} + \frac{a^2 \cdot ac}{c} \quad [\because b^2 = ac]$$

$$= \frac{ac^3}{a} + \frac{b^4}{b} + \frac{a^3 c}{c}$$

$$= c^3 + b^3 + a^3$$

$$= a^3 + b^3 + c^3 = \text{ডানপক্ষ}$$

$$\text{অর্থাৎ, } a^2 b^2 c^2 \left(\frac{1}{a^3} + \frac{1}{b^3} + \frac{1}{c^3} \right) = a^3 + b^3 + c^3 \quad (\text{প্রমাণিত})$$

(iii) দেওয়া আছে $a : b = b : c$

$$\text{বা, } \frac{a}{b} = \frac{b}{c}$$

$$\therefore b^2 = ac$$

$$\text{বামপক্ষ} = \frac{abc(a+b+c)^3}{(ab+bc+ca)^3}$$

$$= \frac{b \cdot b^2 (a+b+c)^3}{(ab+bc+b^2)^3} \quad [\because b^2 = ac]$$

$$= \frac{b^3 (a+b+c)^3}{\{b(a+c+b)\}^3} = \frac{b^3 (a+b+c)^3}{b^3 (a+b+c)^3}$$

$$= 1 = \text{ডানপক্ষ}$$

$$\text{অর্থাৎ, } \frac{abc(a+b+c)^3}{(ab+bc+ca)^3} = 1 \quad (\text{প্রমাণিত})$$

(iv) দেওয়া আছে, $a : b = b : c$

$$\text{বা, } \frac{a}{b} = \frac{b}{c}$$

$$\therefore b^2 = ac$$

$$1\text{ম পক্ষ} = a - 2b + c$$

$$2\text{য় পক্ষ} = \frac{(a-b)^2}{a} = \frac{a^2 - 2ab + b^2}{a}$$

$$= \frac{a^2 - 2ab + ac}{a} \quad [\because b^2 = ac]$$

$$= \frac{a(a-2b+c)}{a} = a - 2b + c$$

$$3\text{য় পক্ষ} = \frac{(b-c)^2}{c} = \frac{b^2 - 2bc + c^2}{c}$$

$$= \frac{ac - 2bc + c^2}{c} \quad [\because b^2 = ac]$$

$$= \frac{c(a-2b+c)}{c} = a - 2b + c$$

$$\text{অর্থাৎ, } a - 2b + c = \frac{(a-b)^2}{a} = \frac{(b-c)^2}{c} \quad (\text{প্রমাণিত})$$

প্রশ্ন ১৮ সমাধান কর :

$$(i) \frac{1 - \sqrt{1-x}}{1 + \sqrt{1-x}} = \frac{1}{3} \quad (ii) \frac{\sqrt{a+x} + \sqrt{a-x}}{\sqrt{a+x} - \sqrt{a-x}} = b$$

$$(iii) \frac{a+x - \sqrt{a^2-x^2}}{a+x + \sqrt{a^2-x^2}} = \frac{b}{x}, 2a > b > 0 \text{ এবং } x \neq 0.$$

$$(iv) \frac{\sqrt{x-1} + \sqrt{x-6}}{\sqrt{x-1} - \sqrt{x-6}} = 5 \quad (v) \frac{\sqrt{ax+b} + \sqrt{ax-b}}{\sqrt{ax+b} - \sqrt{ax-b}} = c$$

$$(vi) 81 \left(\frac{1-x}{1+x} \right)^3 = \frac{1+x}{1-x}$$

$$\text{সমাধান : (i) } \frac{1 - \sqrt{1-x}}{1 + \sqrt{1-x}} = \frac{1}{3}$$

$$\text{বা, } \frac{1 - \sqrt{1-x} + 1 + \sqrt{1-x}}{1 - \sqrt{1-x} - 1 - \sqrt{1-x}} = \frac{1+3}{1-3} \quad [\text{যোজন-বিয়োজন করে}]$$

$$\text{বা, } \frac{2}{-2(\sqrt{1-x})} = \frac{4}{-2}$$

$$\text{বা, } \frac{1}{\sqrt{1-x}} = 2 \quad [-1 \text{ দ্বারা উভয়পক্ষকে গুণ করে}]$$

$$\text{বা, } 2\sqrt{1-x} = 1 \quad [\text{আড়গুণন করে}]$$

$$\text{বা, } (2\sqrt{1-x})^2 = (1)^2 \quad [\text{উভয়পক্ষকে বর্গ করে}]$$

$$\text{বা, } 4(1-x) = 1$$

$$\text{বা, } 4 - 4x = 1$$

$$\text{বা, } -4x = 1 - 4$$

$$\text{বা, } -4x = -3$$

$$\therefore x = \frac{-3}{-4} = \frac{3}{4}$$

$$\text{নির্ণেয় সমাধান, } x = \frac{3}{4}$$

$$(ii) \frac{\sqrt{a+x} + \sqrt{a-x}}{\sqrt{a+x} - \sqrt{a-x}} = b$$

$$\text{বা, } \frac{\sqrt{a+x} + \sqrt{a-x} + \sqrt{a+x} - \sqrt{a-x}}{\sqrt{a+x} + \sqrt{a-x} - \sqrt{a+x} + \sqrt{a-x}} = \frac{b+1}{b-1}$$

[যোজন-বিয়োজন করে]

$$\text{বা, } \frac{2\sqrt{a+x}}{2\sqrt{a-x}} = \frac{b+1}{b-1}$$

$$\text{বা, } \left(\frac{\sqrt{a+x}}{\sqrt{a-x}} \right)^2 = \left(\frac{b+1}{b-1} \right)^2 \quad [\text{উভয়পক্ষকে বর্গ করে}]$$

$$\text{বা, } \frac{a+x}{a-x} = \frac{b^2+2b+1}{b^2-2b+1}$$

$$\text{বা, } \frac{a+x+a-x}{a+x-a+x} = \frac{b^2+2b+1+b^2-2b+1}{b^2+2b+1-b^2+2b-1}$$

[পুনরায় যোজন-বিয়োজন করে]

$$\text{বা, } \frac{2a}{2x} = \frac{2b^2+2}{4b}$$

$$\text{বা, } \frac{a}{x} = \frac{2(b^2+1)}{4b}$$

$$\text{বা, } \frac{a}{x} = \frac{b^2 + 1}{2b}$$

$$\text{বা, } x(b^2 + 1) = 2ab$$

$$\therefore x = \frac{2ab}{b^2 + 1}$$

$$\text{নির্ণয়ে সমাধান, } x = \frac{2ab}{b^2 + 1}$$

$$(iii) \frac{a + x - \sqrt{a^2 - x^2}}{a + x + \sqrt{a^2 - x^2}} = \frac{b}{x}$$

$$\text{বা, } \frac{a + x - \sqrt{a^2 - x^2} + a + x + \sqrt{a^2 - x^2}}{a + x - \sqrt{a^2 - x^2} - a - x - \sqrt{a^2 - x^2}} = \frac{b + x}{b - x}$$

[যোজন-বিয়োজন করে]

$$\text{বা, } \frac{2a + 2x}{-2\sqrt{a^2 - x^2}} = \frac{b + x}{b - x}$$

$$\text{বা, } \frac{2(a + x)}{-2\sqrt{a^2 - x^2}} = \frac{b + x}{b - x}$$

$$\text{বা, } \frac{a + x}{-\sqrt{a^2 - x^2}} = \frac{b + x}{b - x}$$

$$\text{বা, } \frac{(a + x)^2}{(-\sqrt{a^2 - x^2})^2} = \frac{(b + x)^2}{(b - x)^2} \quad \text{[উভয়পক্ষকে বর্গ করে]}$$

$$\text{বা, } \frac{a^2 + 2ax + x^2}{a^2 - x^2} = \frac{b^2 + 2bx + x^2}{b^2 - 2bx + x^2}$$

$$\text{বা, } \frac{a^2 + 2ax + x^2 + a^2 - x^2}{a^2 + 2ax + x^2 - a^2 + x^2} = \frac{b^2 + 2bx + x^2 + b^2 - 2bx + x^2}{b^2 + 2bx + x^2 - b^2 + 2bx - x^2}$$

[যোজন-বিয়োজন করে]

$$\text{বা, } \frac{2a^2 + 2ax}{2ax + 2x^2} = \frac{2b^2 + 2x^2}{4bx}$$

$$\text{বা, } \frac{2(a^2 + ax)}{2(x^2 + ax)} = \frac{2(x^2 + b^2)}{2 \times 2bx}$$

$$\text{বা, } \frac{a^2 + ax}{x^2 + ax} = \frac{x^2 + b^2}{2bx}$$

$$\text{বা, } (x^2 + b^2)(x^2 + ax) = 2bx(a^2 + ax) \quad \text{[আড়গুণন করে]}$$

$$\text{বা, } x(x^2 + b^2)(x + a) = 2abx(x + a)$$

$$\text{বা, } x^2 + b^2 = 2ab \quad \text{[উভয়পক্ষকে } x(x + a) \text{ দ্বারা ভাগ করে]}$$

$$\text{বা, } x^2 = 2ab - b^2$$

$$\therefore x = \pm \sqrt{2ab - b^2}$$

$$\text{নির্ণয়ে সমাধান, } x = \pm \sqrt{2ab - b^2}$$

$$(iv) \frac{\sqrt{x-1} + \sqrt{x-6}}{\sqrt{x-1} - \sqrt{x-6}} = 5$$

$$\text{বা, } \frac{\sqrt{x-1} + \sqrt{x-6} + \sqrt{x-1} - \sqrt{x-6}}{\sqrt{x-1} + \sqrt{x-6} - \sqrt{x-1} + \sqrt{x-6}} = \frac{5 + 1}{5 - 1}$$

[যোজন-বিয়োজন করে]

$$\text{বা, } \frac{2\sqrt{x-1}}{2\sqrt{x-6}} = \frac{6}{4}$$

$$\text{বা, } \frac{\sqrt{x-1}}{\sqrt{x-6}} = \frac{3}{2}$$

$$\text{বা, } \left(\frac{\sqrt{x-1}}{\sqrt{x-6}}\right)^2 = \left(\frac{3}{2}\right)^2 \quad \text{[উভয়পক্ষকে বর্গ করে]}$$

$$\text{বা, } \frac{x-1}{x-6} = \frac{9}{4}$$

$$\text{বা, } 9x - 54 = 4x - 4$$

[আড়গুণন করে]

$$\text{বা, } 9x - 4x = 54 - 4$$

$$\text{বা, } 5x = 50$$

$$\text{বা, } x = \frac{50}{5}$$

$$\therefore x = 10$$

নির্ণয়ে সমাধান, $x = 10$

$$(v) \frac{\sqrt{ax+b} + \sqrt{ax-b}}{\sqrt{ax+b} - \sqrt{ax-b}} = c$$

$$\text{বা, } \frac{\sqrt{ax+b} + \sqrt{ax-b} + \sqrt{ax+b} - \sqrt{ax-b}}{\sqrt{ax+b} + \sqrt{ax-b} - \sqrt{ax+b} + \sqrt{ax-b}} = \frac{c+1}{c-1}$$

[যোজন-বিয়োজন করে]

$$\text{বা, } \frac{2\sqrt{ax+b}}{2\sqrt{ax-b}} = \frac{c+1}{c-1}$$

$$\text{বা, } \left(\frac{\sqrt{ax+b}}{\sqrt{ax-b}}\right)^2 = \left(\frac{c+1}{c-1}\right)^2 \quad \text{[উভয়পক্ষকে বর্গ করে]}$$

$$\text{বা, } \frac{ax+b}{ax-b} = \frac{c^2 + 2c + 1}{c^2 - 2c + 1}$$

$$\text{বা, } \frac{ax+b+ax-b}{ax+b-ax+b} = \frac{c^2 + 2c + 1 + c^2 - 2c + 1}{c^2 + 2c + 1 - c^2 + 2c - 1}$$

[যোজন-বিয়োজন করে]

$$\text{বা, } \frac{2ax}{2b} = \frac{2c^2 + 2}{4c}$$

$$\text{বা, } \frac{ax}{b} = \frac{2(c^2 + 1)}{2 \cdot 2c}$$

$$\text{বা, } \frac{ax}{b} = \frac{c^2 + 1}{2c}$$

$$\text{বা, } x = \frac{c^2 + 1}{2c} \times \frac{b}{a}$$

$$\text{বা, } x = \frac{b(c^2 + 1)}{2ac}$$

$$\text{বা, } x = \frac{b}{2a} \left(\frac{c^2 + 1}{c}\right)$$

$$\therefore x = \frac{b}{2a} \left(c + \frac{1}{c}\right)$$

$$\text{নির্ণয়ে সমাধান, } x = \frac{b}{2a} \left(c + \frac{1}{c}\right)$$

$$(vi) 81 \left(\frac{1-x}{1+x}\right)^3 = \frac{1+x}{1-x}$$

$$\text{বা, } 81 = \frac{(1+x)^4}{(1-x)^4} \quad \left[\frac{(1-x)^3}{(1+x)^3} \text{ দ্বারা উভয়পক্ষকে ভাগ করে}\right]$$

$$\text{বা, } \left\{\left(\frac{1+x}{1-x}\right)^2\right\}^2 = (9)^2$$

$$\text{বা, } \left(\frac{1+x}{1-x}\right)^2 = \pm 9$$

[উভয়পক্ষকে বর্গমূল করে]

$$\text{বা, } \left(\frac{1+x}{1-x}\right)^2 = 9 \text{ অথবা, } -9$$

$$\text{বা, } \frac{1+x}{1-x} = \pm \sqrt{9} \text{ অথবা, } \pm \sqrt{-9}$$

কিন্তু, $\frac{1+x}{1-x} = \pm \sqrt{-9}$ সমীকরণটির কোনো বাস্তব সংখ্যায় সমাধান নেই।

$$\therefore \frac{1+x}{1-x} = \pm 3$$

$$\therefore \text{হয় } \frac{1+x}{1-x} = 3$$

$$\text{অথবা, } \frac{1+x}{1-x} = -3$$

$$\begin{aligned} \text{বা, } 1 + x &= 3 - 3x & \text{বা, } -3 + 3x &= 1 + x \\ \text{বা, } x + 3x &= 3 - 1 & \text{বা, } 3x - x &= 1 + 3 \\ \text{বা, } 4x &= 2 & \text{বা, } 2x &= 4 \\ \text{বা, } x &= \frac{2}{4} & \text{বা, } x &= \frac{4}{2} \\ \therefore x &= \frac{1}{2} & \therefore x &= 2 \end{aligned}$$

নির্ণয়ে সমাধান, $x = 2$ বা, $\frac{1}{2}$

প্রশ্ন ৯৯ $\frac{a}{b} = \frac{c}{d}$ হলে, দেখাও যে,

$$(i) \frac{a^2 + ab + b^2}{a^2 - ab + b^2} = \frac{c^2 + cd + d^2}{c^2 - cd + d^2} \quad (ii) \frac{ac + bd}{ac - bd} = \frac{c^2 + d^2}{c^2 - d^2}$$

সমাধান : (i) ধরি, $\frac{a}{b} = \frac{c}{d} = k$

$$\therefore \frac{a}{b} = k \quad \text{বা, } a = bk$$

$$\text{এবং } \frac{c}{d} = k \quad \text{বা, } c = dk$$

$$\begin{aligned} \text{বামপক্ষ} &= \frac{a^2 + ab + b^2}{a^2 - ab + b^2} = \frac{(bk)^2 + bk \cdot b + b^2}{(bk)^2 - bk \cdot b + b^2} \quad [\because a = bk] \\ &= \frac{b^2k^2 + b^2k + b^2}{b^2k^2 - b^2k + b^2} = \frac{b^2(k^2 + k + 1)}{b^2(k^2 - k + 1)} = \frac{k^2 + k + 1}{k^2 - k + 1} \end{aligned}$$

$$\begin{aligned} \text{ডানপক্ষ} &= \frac{c^2 + cd + d^2}{c^2 - cd + d^2} = \frac{(dk)^2 + dk \cdot d + d^2}{(dk)^2 - dk \cdot d + d^2} \quad [\because c = dk] \\ &= \frac{d^2k^2 + d^2k + d^2}{d^2k^2 - d^2k + d^2} = \frac{d^2(k^2 + k + 1)}{d^2(k^2 - k + 1)} = \frac{k^2 + k + 1}{k^2 - k + 1} \end{aligned}$$

\therefore বামপক্ষ = ডানপক্ষ

$$\text{অর্থাৎ, } \frac{a^2 + ab + b^2}{a^2 - ab + b^2} = \frac{c^2 + cd + d^2}{c^2 - cd + d^2} \quad (\text{দেখানো হলো})$$

$$(ii) \text{ ধরি, } \frac{a}{b} = \frac{c}{d} = k$$

$$\therefore \frac{a}{b} = k \quad \text{এবং } \frac{c}{d} = k$$

$$\text{বা, } a = bk \quad \text{বা, } c = dk$$

$$\begin{aligned} \text{বামপক্ষ} &= \frac{ac + bd}{ac - bd} = \frac{bk \cdot dk + bd}{bk \cdot dk - bd} \quad [\because a = bk \text{ এবং } c = dk] \\ &= \frac{bdk^2 + bd}{bdk^2 - bd} = \frac{bd(k^2 + 1)}{bd(k^2 - 1)} \\ &= \frac{k^2 + 1}{k^2 - 1} \end{aligned}$$

$$\begin{aligned} \text{ডানপক্ষ} &= \frac{c^2 + d^2}{c^2 - d^2} = \frac{(dk)^2 + d^2}{(dk)^2 - d^2} \quad [\because c = dk] \\ &= \frac{d^2k^2 + d^2}{d^2k^2 - d^2} = \frac{d^2(k^2 + 1)}{d^2(k^2 - 1)} \\ &= \frac{k^2 + 1}{k^2 - 1} \end{aligned}$$

\therefore বামপক্ষ = ডানপক্ষ

$$\text{অর্থাৎ, } \frac{ac + bd}{ac - bd} = \frac{c^2 + d^2}{c^2 - d^2} \quad (\text{দেখানো হলো})$$

প্রশ্ন ১০০ $\frac{a}{b} = \frac{b}{c} = \frac{c}{d}$ হলে, দেখাও যে,

$$(i) \frac{a^3 + b^3}{b^3 + c^3} = \frac{b^3 + c^3}{c^3 + d^3} \quad (ii) (a^2 + b^2 + c^2)(b^2 + c^2 + d^2) = (ab + bc + cd)^2$$

সমাধান : (i) ধরি, $\frac{a}{b} = \frac{b}{c} = \frac{c}{d} = k$

$$\therefore c = dk, \quad b = ck = dk \cdot k = dk^2$$

$$\text{এবং } a = bk = dk^2 \cdot k = dk^3$$

$$\text{বামপক্ষ} = \frac{a^3 + b^3}{b^3 + c^3} = \frac{(dk^3)^3 + (dk^2)^3}{(dk^2)^3 + (dk)^3} \quad [\text{মান বসিয়ে}]$$

$$= \frac{d^3k^9 + d^3k^6}{d^3k^6 + d^3k^3} = \frac{d^3k^6(k^3 + 1)}{d^3k^3(k^3 + 1)} = k^3$$

$$\text{ডানপক্ষ} = \frac{b^3 + c^3}{c^3 + d^3} = \frac{(dk^2)^3 + (dk)^3}{(dk)^3 + d^3} \quad [\text{মান বসিয়ে}]$$

$$= \frac{d^3k^6 + d^3k^3}{d^3k^3 + d^3} = \frac{d^3k^3(k^3 + 1)}{d^3(k^3 + 1)} = k^3$$

\therefore বামপক্ষ = ডানপক্ষ

$$\text{অর্থাৎ, } \frac{a^3 + b^3}{b^3 + c^3} = \frac{b^3 + c^3}{c^3 + d^3} \quad (\text{দেখানো হলো})$$

$$(ii) \text{ ধরি, } \frac{a}{b} = \frac{b}{c} = \frac{c}{d} = k$$

$$\therefore c = dk, b = ck = dk \cdot k = dk^2$$

$$\text{এবং } a = bk = dk^2 \cdot k = dk^3$$

$$\begin{aligned} \text{বামপক্ষ} &= (a^2 + b^2 + c^2)(b^2 + c^2 + d^2) \\ &= \{(dk^3)^2 + (dk^2)^2 + (dk)^2\} \{(dk^2)^2 + (dk)^2 + d^2\} \quad [a, b \text{ ও } c \text{ এর মান বসিয়ে}] \end{aligned}$$

$$\begin{aligned} &= (d^2k^6 + d^2k^4 + d^2k^2)(d^2k^4 + d^2k^2 + d^2) \\ &= d^2k^2(k^4 + k^2 + 1) \times d^2(k^4 + k^2 + 1) \\ &= d^4k^2(k^4 + k^2 + 1)^2 \end{aligned}$$

$$\text{ডানপক্ষ} = (ab + bc + cd)^2$$

$$\begin{aligned} &= (dk^3 \cdot dk^2 + dk^2 \cdot dk + dk \cdot d)^2 \quad [\text{মান বসিয়ে}] \\ &= (d^2k^5 + d^2k^3 + d^2k)^2 = \{d^2k(k^4 + k^2 + 1)\}^2 \\ &= d^4k^2(k^4 + k^2 + 1)^2 \end{aligned}$$

\therefore বামপক্ষ = ডানপক্ষ

$$\text{অর্থাৎ, } (a^2 + b^2 + c^2)(b^2 + c^2 + d^2) = (ab + bc + cd)^2 \quad (\text{দেখানো হলো})$$

প্রশ্ন ১১১ $x = \frac{4ab}{a+b}$ হলে, দেখাও যে, $\frac{x+2a}{x-2a} + \frac{x+2b}{x-2b} = 2, a \neq b$.

সমাধান : দেওয়া আছে, $x = \frac{4ab}{a+b}$

$$\therefore \frac{x}{2a} = \frac{4ab}{2a(a+b)} \quad [\text{উভয়পক্ষে } 2a \text{ দ্বারা ভাগ করে}]$$

$$\text{বা, } \frac{x}{2a} = \frac{2b}{a+b}$$

$$\text{বা, } \frac{x+2a}{x-2a} = \frac{2b+a+b}{2b-a-b} \quad [\text{যোজন-বিয়োজন করে}]$$

$$\text{বা, } \frac{x+2a}{x-2a} = \frac{3b+a}{b-a}$$

$$\text{আবার, } \frac{x}{2b} = \frac{4ab}{2b(a+b)}$$

$$\text{বা, } \frac{x}{2b} = \frac{2a}{a+b}$$

$$\text{বা, } \frac{x+2b}{x-2b} = \frac{2a+a+b}{2a-a-b} \quad [\text{যোজন-বিয়োজন করে}]$$

$$\text{বা, } \frac{x+2b}{x-2b} = \frac{3a+b}{a-b}$$

$$\begin{aligned} \therefore \frac{x+2a}{x-2a} + \frac{x+2b}{x-2b} &= \frac{3b+a}{b-a} + \frac{3a+b}{a-b} = \frac{3b+a}{b-a} - \frac{3a+b}{b-a} \\ &= \frac{3b+a-3a-b}{b-a} = \frac{2b-2a}{b-a} = \frac{2(b-a)}{b-a} = 2 \end{aligned}$$

$$\therefore \frac{x+2a}{x-2a} + \frac{x+2b}{x-2b} = 2 \quad (\text{দেখানো হলো})$$

প্রশ্ন ১২ ৥ $x = \frac{\sqrt[3]{m+1} + \sqrt[3]{m-1}}{\sqrt[3]{m+1} - \sqrt[3]{m-1}}$ হলে,

প্রমাণ কর যে, $x^3 - 3mx^2 + 3x - m = 0$

সমাধান : দেওয়া আছে, $x = \frac{\sqrt[3]{m+1} + \sqrt[3]{m-1}}{\sqrt[3]{m+1} - \sqrt[3]{m-1}}$

বা, $\frac{x+1}{x-1} = \frac{\sqrt[3]{m+1} + \sqrt[3]{m-1} + \sqrt[3]{m+1} - \sqrt[3]{m-1}}{\sqrt[3]{m+1} + \sqrt[3]{m-1} - \sqrt[3]{m+1} + \sqrt[3]{m-1}}$

[যোজন-বিয়োজন করে]

বা, $\frac{x+1}{x-1} = \frac{2\sqrt[3]{m+1}}{2\sqrt[3]{m-1}}$

বা, $\left(\frac{x+1}{x-1}\right)^3 = \left(\frac{\sqrt[3]{m+1}}{\sqrt[3]{m-1}}\right)^3$

[উভয়পক্ষকে ঘন করে]

বা, $\frac{x^3 + 3x^2 + 3x + 1}{x^3 - 3x^2 + 3x - 1} = \frac{m+1}{m-1}$

বা, $\frac{x^3 + 3x^2 + 3x + 1 + x^3 - 3x^2 + 3x - 1}{x^3 + 3x^2 + 3x + 1 - x^3 + 3x^2 - 3x + 1} = \frac{m+1 + m-1}{m+1 - m + 1}$

[যোজন-বিয়োজন করে]

বা, $\frac{2x^3 + 6x}{6x^2 + 2} = \frac{2m}{2}$

বা, $\frac{2(x^3 + 3x)}{2(3x^2 + 1)} = m$

বা, $\frac{x^3 + 3x}{3x^2 + 1} = m$

বা, $x^3 + 3x = 3mx^2 + m$ [আড়গুণন করে]

$\therefore x^3 - 3mx^2 + 3x - m = 0$ (প্রমাণিত)

প্রশ্ন ১৩ ৥ $x = \frac{\sqrt{2a+3b} + \sqrt{2a-3b}}{\sqrt{2a+3b} - \sqrt{2a-3b}}$ হলে,

দেখাও যে, $3bx^2 - 4ax + 3b = 0$.

সমাধান : দেওয়া আছে, $x = \frac{\sqrt{2a+3b} + \sqrt{2a-3b}}{\sqrt{2a+3b} - \sqrt{2a-3b}}$

বা, $\frac{x+1}{x-1} = \frac{\sqrt{2a+3b} + \sqrt{2a-3b} + \sqrt{2a+3b} - \sqrt{2a-3b}}{\sqrt{2a+3b} + \sqrt{2a-3b} - \sqrt{2a+3b} + \sqrt{2a-3b}}$

[যোজন-বিয়োজন করে]

বা, $\frac{x+1}{x-1} = \frac{2\sqrt{2a+3b}}{2\sqrt{2a-3b}}$

বা, $\left(\frac{x+1}{x-1}\right)^2 = \left(\frac{\sqrt{2a+3b}}{\sqrt{2a-3b}}\right)^2$ [উভয়পক্ষকে বর্গ করে]

বা, $\frac{(x+1)^2}{(x-1)^2} = \frac{2a+3b}{2a-3b}$

বা, $\frac{x^2+2x+1}{x^2-2x+1} = \frac{2a+3b}{2a-3b}$

বা, $\frac{x^2+2x+1+x^2-2x+1}{x^2+2x+1-x^2+2x-1} = \frac{2a+3b+2a-3b}{2a+3b-2a+3b}$

[যোজন-বিয়োজন করে]

বা, $\frac{2x^2+2}{4x} = \frac{4a}{6b}$

বা, $\frac{2(x^2+1)}{2 \times 2x} = \frac{2a}{3b}$

বা, $\frac{x^2+1}{2x} = \frac{2a}{3b}$

বা, $3bx^2 + 3b = 4ax$ [আড়গুণন করে]

$\therefore 3bx^2 - 4ax + 3b = 0$ (দেখানো হলো)

প্রশ্ন ১৪ ৥ $\frac{a^2+b^2}{b^2+c^2} = \frac{(a+b)^2}{(b+c)^2}$ হলে, প্রমাণ কর যে, a, b, c ক্রমিক সমানুপাতী।

সমাধান : দেওয়া আছে, $\frac{a^2+b^2}{b^2+c^2} = \frac{(a+b)^2}{(b+c)^2}$

বা, $\frac{(b+c)^2}{b^2+c^2} = \frac{(a+b)^2}{a^2+b^2}$ [একান্তরকরণ করে]

বা, $\frac{b^2+2bc+c^2}{b^2+c^2} = \frac{a^2+2ab+b^2}{a^2+b^2}$

বা, $\frac{b^2+2bc+c^2-b^2-c^2}{b^2+c^2} = \frac{a^2+2ab+b^2-a^2-b^2}{a^2+b^2}$

[বিয়োজন করে]

বা, $\frac{2bc}{b^2+c^2} = \frac{2ab}{a^2+b^2}$

বা, $\frac{c}{b^2+c^2} = \frac{a}{a^2+b^2}$ [2b দ্বারা উভয়পক্ষকে ভাগ করে]

বা, $ab^2 + ac^2 = a^2c + b^2c$ [আড়গুণন করে]

বা, $ab^2 - b^2c = a^2c - ac^2$

বা, $b^2(a-c) = ac(a-c)$

বা, $b^2 = ac$ [উভয়পক্ষকে (a-c) দ্বারা ভাগ করে]

$\therefore \frac{a}{b} = \frac{b}{c}$

অর্থাৎ, a, b, c ক্রমিক সমানুপাতী। (প্রমাণিত)

প্রশ্ন ১৫ ৥ $\frac{x}{b+c} = \frac{y}{c+a} = \frac{z}{a+b}$ হলে,

প্রমাণ কর যে, $\frac{a}{y+z-x} = \frac{b}{z+x-y} = \frac{c}{x+y-z}$

সমাধান : মনে করি,

$\frac{x}{b+c} = \frac{y}{c+a} = \frac{z}{a+b} = k$

$\therefore x = k(b+c), y = k(c+a)$ এবং $z = k(a+b)$

১ম পক্ষ = $\frac{a}{y+z-x}$

= $\frac{a}{k(c+a) + k(a+b) - k(b+c)}$ [মান বসিয়ে]

= $\frac{a}{k(c+a+a+b-b-c)} = \frac{a}{k.2a} = \frac{1}{2k}$

২য় পক্ষ = $\frac{b}{z+x-y}$

= $\frac{b}{k(a+b) + k(b+c) - k(c+a)}$ [মান বসিয়ে]

= $\frac{b}{k(a+b+b+c-c-a)} = \frac{b}{k.2b} = \frac{1}{2k}$

৩য় পক্ষ = $\frac{c}{x+y-z}$

= $\frac{c}{k(b+c) + k(c+a) - k(a+b)}$ [মান বসিয়ে]

= $\frac{c}{k(b+c+c+a-a-b)}$

$$= \frac{c}{k \cdot 2c} = \frac{1}{2k}$$

∴ ১ম পক্ষ = ২য় পক্ষ = ৩য় পক্ষ

$$\text{অর্থাৎ, } \frac{a}{y+z-x} = \frac{b}{z+x-y} = \frac{c}{x+y-z} \quad (\text{প্রমাণিত})$$

প্রশ্ন ১৬ ॥ $\frac{bz-cy}{a} = \frac{cx-az}{b} = \frac{ay-bx}{c}$ হলে, প্রমাণ কর যে,

$$\frac{x}{a} = \frac{y}{b} = \frac{z}{c}$$

সমাধান : মনে করি,

$$\frac{bz-cy}{a} = \frac{cx-az}{b} = \frac{ay-bx}{c} = k$$

$$\therefore \frac{bz-cy}{a} = k$$

$$\text{বা, } bz-cy = ak \quad \dots \dots \dots (i)$$

$$\text{আবার, } \frac{cx-az}{b} = k$$

$$\text{বা, } cx-az = bk \quad \dots \dots \dots (ii)$$

$$\text{এবং } \frac{ay-bx}{c} = k$$

$$\text{বা, } ay-bx = ck \quad \dots \dots \dots (iii)$$

সমীকরণ (i), (ii) ও (iii) কে যথাক্রমে x, y ও z দ্বারা গুণ করে যোগ করি,

$$bxz - cxy + cxy - ayz + ayz - bxz = akx + bky + ckz$$

$$\text{বা, } 0 = k(ax + by + cz)$$

$$\therefore k = 0$$

সমীকরণ (i)-এ k = 0 বসিয়ে পাই,

$$bz - cy = a \cdot 0$$

$$\text{বা, } bz - cy = 0$$

$$\text{বা, } bz = cy$$

$$\therefore \frac{y}{b} = \frac{z}{c} \quad \dots \dots \dots (iv)$$

সমীকরণ (ii)-এ k = 0 বসিয়ে পাই,

$$cx - az = b \cdot 0$$

$$\text{বা, } cx - az = 0$$

$$\text{বা, } cx = az$$

$$\therefore \frac{x}{a} = \frac{z}{c} \quad \dots \dots \dots (v)$$

সমীকরণ (iv) ও (v) থেকে পাই,

$$\frac{y}{b} = \frac{z}{c} = \frac{x}{a} \quad \text{অর্থাৎ, } \frac{x}{a} = \frac{y}{b} = \frac{z}{c} \quad (\text{প্রমাণিত})$$

প্রশ্ন ১৭ ॥ $\frac{a+b-c}{a+b} = \frac{b+c-a}{b+c} = \frac{c+a-b}{c+a}$ এবং $a+b+c \neq 0$ হলে,

প্রমাণ কর যে, $a = b = c$.

সমাধান : দেওয়া আছে,

$$\frac{a+b-c}{a+b} = \frac{b+c-a}{b+c} = \frac{c+a-b}{c+a}$$

$$\text{বা, } \frac{a+b-c-a-b}{a+b} = \frac{b+c-a-b-c}{b+c} = \frac{c+a-b-c-a}{c+a}$$

[বিয়োজন করে]

$$\text{বা, } \frac{-c}{a+b} = \frac{-a}{b+c} = \frac{-b}{c+a}$$

$$\text{বা, } \frac{c}{a+b} = \frac{a}{b+c} = \frac{b}{c+a} \quad [\text{প্রত্যেক পক্ষকে } -1 \text{ দ্বারা গুণ করে}]$$

$$\text{বা, } \frac{a+b}{c} = \frac{b+c}{a} = \frac{c+a}{b} \quad [\text{ব্যস্তকরণ করে}]$$

$$\text{বা, } \frac{a+b+c}{c} = \frac{b+c+a}{a} = \frac{c+a+b}{b} \quad [\text{যোজন করে}]$$

$$\text{বা, } \frac{1}{c} = \frac{1}{a} = \frac{1}{b} \quad [\because a+b+c \neq 0]$$

[প্রত্যেক পক্ষকে a + b + c দ্বারা ভাগ করে]

$$\therefore \frac{1}{c} = \frac{1}{a} \text{ হলে, } a = c \text{ এবং } \frac{1}{a} = \frac{1}{b} \text{ হলে, } a = b$$

অর্থাৎ, $a = b = c$ (প্রমাণিত)

প্রশ্ন ১৮ ॥ $\frac{x}{xa+yb+zc} = \frac{y}{ya+zb+xc} = \frac{z}{za+xb+yc}$ এবং

$x+y+z \neq 0$ হলে, দেখাও যে, প্রতিটি অনুপাত = $\frac{1}{a+b+c}$

সমাধান : মনে করি, প্রদত্ত প্রত্যেকটি অনুপাতের মান = k

$$\therefore \frac{x}{xa+yb+zc} = k$$

$$\text{বা, } k(xa+yb+zc) = x \quad \dots \dots \dots (i)$$

$$\text{আবার, } \frac{y}{ya+zb+xc} = k$$

$$\text{বা, } k(ya+zb+xc) = y \quad \dots \dots \dots (ii)$$

$$\text{এবং } \frac{z}{za+xb+yc} = k$$

$$\text{বা, } k(za+xb+yc) = z \quad \dots \dots \dots (iii)$$

সমীকরণ (i), (ii) ও (iii) যোগ করে পাই,

$$k(xa+ya+za+yb+zb+xc+za+xb+yc) = x+y+z$$

$$\text{বা, } k(xa+ya+za+xb+zb+xc+yc+zc) = x+y+z$$

$$\text{বা, } k\{a(x+y+z)+b(x+y+z)+c(x+y+z)\} = x+y+z$$

$$\text{বা, } k(x+y+z)(a+b+c) = x+y+z$$

$$\text{বা, } k = \frac{(x+y+z)}{(x+y+z)(a+b+c)}$$

$$\therefore k = \frac{1}{a+b+c}$$

$$\therefore \text{প্রতিটি অনুপাতের মান} = \frac{1}{a+b+c} \quad (\text{দেখানো হলো})$$

প্রশ্ন ১৯ ॥ যদি $(a+b+c)p = (b+c-a)q = (c+a-b)r = (a+b-c)s$

হয়, তবে প্রমাণ কর যে, $\frac{1}{q} + \frac{1}{r} + \frac{1}{s} = \frac{1}{p}$.

সমাধান : মনে করি,

$$(a+b+c)p = (b+c-a)q = (c+a-b)r = (a+b-c)s = k$$

$$\therefore (a+b+c)p = k$$

$$\text{বা, } \frac{1}{p} = \frac{a+b+c}{k} \quad \dots \dots \dots (i)$$

$$\text{আবার, } q(b+c-a) = k$$

$$\text{বা, } \frac{1}{q} = \frac{b+c-a}{k} \quad \dots \dots \dots (ii)$$

$$\text{অনুরূপভাবে, } (c+a-b)r = k$$

$$\text{বা, } \frac{1}{r} = \frac{c+a-b}{k} \quad \dots \dots \dots (iii)$$

$$\text{এবং } s(a+b-c) = k$$

$$\text{বা, } \frac{1}{s} = \frac{a+b-c}{k} \quad \dots \dots \dots (iv)$$

$$\text{বামপক্ষ} = \frac{1}{q} + \frac{1}{r} + \frac{1}{s}$$

$$= \frac{b+c-a}{k} + \frac{c+a-b}{k} + \frac{a+b-c}{k} \quad [\text{মান বসিয়ে}]$$

$$= \frac{b+c-a+c+a-b+a+b-c}{k}$$

$$= \frac{a+b+c}{k} = \frac{1}{p} = \text{ডানপক্ষ}$$

∴ বামপক্ষ = ডানপক্ষ

অর্থাৎ, $\frac{1}{q} + \frac{1}{r} + \frac{1}{s} = \frac{1}{p}$ (প্রমাণিত)

প্রশ্ন ১২০ ৥ যদি $lx = my = nz$ হয়, তবে দেখাও যে,

$$\frac{x^2}{yz} + \frac{y^2}{zx} + \frac{z^2}{xy} = \frac{mn}{l^2} + \frac{nl}{m^2} + \frac{lm}{n^2}$$

সমাধান : দেওয়া আছে, $lx = my = nz$

∴ $lx = my$ ∴ $my = nz$ ∴ $lx = nz$

বা, $\frac{x}{y} = \frac{m}{l}$ বা, $\frac{y}{z} = \frac{n}{m}$ বা, $\frac{x}{z} = \frac{n}{l}$

বা, $\frac{y}{x} = \frac{l}{m}$ বা, $\frac{z}{y} = \frac{m}{n}$ বা, $\frac{z}{x} = \frac{l}{n}$

বামপক্ষ = $\frac{x^2}{yz} + \frac{y^2}{zx} + \frac{z^2}{xy}$

$$= \frac{x}{y} \cdot \frac{x}{z} + \frac{y}{x} \cdot \frac{y}{z} + \frac{z}{x} \cdot \frac{z}{y}$$

$$= \frac{m}{l} \cdot \frac{n}{l} + \frac{l}{m} \cdot \frac{n}{m} + \frac{l}{n} \cdot \frac{m}{n} \quad [\text{মান বসিয়ে}]$$

$$= \frac{mn}{l^2} + \frac{nl}{m^2} + \frac{lm}{n^2} = \text{ডানপক্ষ}$$

∴ বামপক্ষ = ডানপক্ষ

অর্থাৎ, $\frac{x^2}{yz} + \frac{y^2}{zx} + \frac{z^2}{xy} = \frac{mn}{l^2} + \frac{nl}{m^2} + \frac{lm}{n^2}$ (দেখানো হলো)

প্রশ্ন ১২১ ৥ যদি $\frac{p}{q} = \frac{a^2}{b^2}$ এবং $\frac{a}{b} = \frac{\sqrt{a+q}}{\sqrt{a-q}}$ হয়, তবে দেখাও যে, $\frac{p+q}{a} = \frac{p-q}{q}$

সমাধান : দেওয়া আছে, $\frac{p}{q} = \frac{a^2}{b^2}$ এবং $\frac{a}{b} = \frac{\sqrt{a+q}}{\sqrt{a-q}}$

এখানে, $\frac{a}{b} = \frac{\sqrt{a+q}}{\sqrt{a-q}}$

বা, $\left(\frac{a}{b}\right)^2 = \left(\frac{\sqrt{a+q}}{\sqrt{a-q}}\right)^2$ [উভয়পক্ষে বর্গ করে]

বা, $\frac{a^2}{b^2} = \frac{(\sqrt{a+q})^2}{(\sqrt{a-q})^2}$

বা, $\frac{a^2}{b^2} = \frac{a+q}{a-q}$

বা, $\frac{p}{q} = \frac{a+q}{a-q}$ [∵ $\frac{p}{q} = \frac{a^2}{b^2}$ দেওয়া আছে]

বা, $\frac{p+q}{p-q} = \frac{a+q+a-q}{a+q-a+q}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{p+q}{p-q} = \frac{2a}{2q} = \frac{a}{q}$

বা, $\frac{p+q}{a} = \frac{p-q}{q}$ [একান্তরকরণ করে]

∴ $\frac{p+q}{a} = \frac{p-q}{q}$ (দেখানো হলো)

অনুশীলনী ১১.২

অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

১. a, b, c ক্রমিক সমানুপাতী হলে নিচের কোনটি সঠিক?

ক. $a^2 = bc$ ● $b^2 = ac$ গ. $ab = bc$ ঘ. $a = b = c$

২. আরিফ ও আকিবের বয়সের অনুপাত 5 : 3; আরিফের বয়স 20 বছর হলে,

কত বছর পর তাদের বয়সের অনুপাত 7 : 5 হবে?

ক. 5 বছর খ. 6 বছর ● 8 বছর ঘ. 10 বছর

ব্যাখ্যা : ধরি, আরিফের বয়স $5x$ এবং আকিবের বয়স $3x$

প্রশ্নমতে, $5x = 20$

$\therefore x = 4$

\therefore আকিবের বয়স = (3×4) বছর = 12 বছর

আবার, ধরি, y বছর পর তাদের বয়সের অনুপাত 7 : 5 হবে

$\therefore \frac{20+y}{12+y} = \frac{7}{5}$

বা, $100 + 5y = 84 + 7y$

বা, $7y - 5y = 100 - 84$

বা, $2y = 16$

$\therefore y = 8$

\therefore 8 বছর পর বয়সের অনুপাত 7 : 5 হবে।

৩. নিচের তথ্যগুলো লব কর :

i. সমানুপাতের চারটি রাশিই একজাতীয় হওয়ার প্রয়োজন হয় না।

ii. দুইটি ত্রিভুজ বেত্রের বেত্রফলের অনুপাত তাদের ভূমিদ্বয়ের অনুপাতের সমান।

iii. $\frac{a}{b} = \frac{c}{d} = \frac{e}{f} = \frac{g}{h}$ হলে, এদের প্রতিটি অনুপাতের মান $\frac{a+c+e+g}{b+d+f+h}$

উপরের তথ্যগুলোর ভিত্তিতে নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. ii ও iii ● i ও iii ঘ. i, ii ও iii

ব্যাখ্যা : ii সঠিক নয়; কারণ, দুইটি ত্রিভুজ বেত্রের বেত্রফলের অনুপাত তাদের ভূমিদ্বয়ের অনুপাতের সমান হবে। যদি তাদের উচ্চতা সমান হয়। কিন্তু এখানে উচ্চতার কথা বলা হয় নি।

ΔABC এর কোণগুলোর অনুপাত 2 : 3 : 5 এবং ABCD চতুর্ভুজের কোণ চারটির অনুপাত 3 : 4 : 5 : 6; তথ্যের ভিত্তিতে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।

৪. একটি বর্গের বাহুর দৈর্ঘ্য দ্বিগুণ হলে তার বেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

ক. ২ গুণ ● ৪ গুণ গ. ৮ গুণ ঘ. ৬ গুণ

ব্যাখ্যা : ধরি, বর্গের এক বাহুর দৈর্ঘ্য x

\therefore বেত্রফল = x^2 বর্গ একক

দৈর্ঘ্য দ্বিগুণ হলে বাহুর দৈর্ঘ্য = $2x$

\therefore বেত্রফল = $(2x)^2$ বর্গ একক = $4x^2$ বর্গ একক

৫. $x : y = 7 : 5$, $y : z = 5 : 7$ হলে, $x : z =$ কত?

ক. 35 : 49

● 35 : 35

গ. 25 : 49

ঘ. 49 : 25

প্রশ্ন ১৬ ৥ একটি কাঠের পুল তৈরির প্রাক্কলিত ব্যয় 90,000 টাকা। কিন্তু খরচ বেশি হয়েছে 21,600 টাকা। খরচ শতকরা কত বৃদ্ধি পেয়েছে?

সমাধান : দেওয়া আছে, প্রাক্কলিত ব্যয় = 90,000 টাকা

খরচ বৃদ্ধি = 21600 টাকা

\therefore শতকরা খরচ বৃদ্ধি = $\left(\frac{\text{প্রাক্কলিত ব্যয়}}{\text{খরচ বৃদ্ধি}} \times 100 \right) \%$

= $\left(\frac{90000}{21600} \times 100 \right) \% = 24\%$

\therefore খরচ 24% বৃদ্ধি পেয়েছে। (Ans.)

প্রশ্ন ১৭ ৥ ধানে চাল ও তুষের অনুপাত 7 : 3 হলে, এতে শতকরা কী পরিমাণ চাল আছে?

সমাধান : দেওয়া আছে, চাল : তুষ = 7 : 3

মনে করি, ধানে চালের পরিমাণ = $7x$

এবং তুষের পরিমাণ = $3x$

তাহলে, ধানের ওজন হবে $(7x + 3x)$ বা $10x$

ধানে চালের শতকরা পরিমাণ = $\left(\frac{\text{চালের পরিমাণ}}{\text{ধানের পরিমাণ}} \times 100 \right) \%$

= $\left(\frac{7x}{10x} \times 100 \right) \% = 70\%$

\therefore ধানে 70% চাল আছে। (Ans.)

প্রশ্ন ১৮ ৥ 1 ঘন সে.মি. কাঠের ওজন 7 ডেসিগ্রাম। কাঠের ওজন সমআয়তন পানির ওজনের শতকরা কত ভাগ?

সমাধান :

1 ঘন সে.মি. কাঠের ওজন = 7 ডেসিগ্রাম

1 ঘন সে.মি. পানির ওজন = 1 গ্রাম = 10 ডেসিগ্রাম

এখন, $\frac{1 \text{ ঘন সে.মি. কাঠের ওজন}}{1 \text{ ঘন সে.মি. পানির ওজন}} = \frac{7}{10}$

\therefore কাঠের ওজন এবং সমআয়তনের পানির ওজনের শতকরা

= $\left(\frac{7}{10} \times 100 \right) \% = 70\%$

\therefore কাঠের ওজন সমআয়তন পানির ওজনের 70% (Ans.)

প্রশ্ন ১৯ ৥ ক, খ, গ, ঘ এর মধ্যে 300 টাকা এমনভাবে ভাগ করে দাও যেন, ক এর অংশ : খ এর অংশ = 2 : 3, খ এর অংশ : গ এর অংশ = 1 : 2 এবং গ এর অংশ : ঘ এর অংশ = 3 : 2 হয়।

সমাধান : এখানে,

ক এর অংশ : খ এর অংশ = 2 : 3

খ এর অংশ : গ এর অংশ = 1 : 2 = (1 × 3) : (2 × 3) = 3 : 6

গ এর অংশ : ঘ এর অংশ = 3 : 2 = (3 × 2) : (2 × 2) = 6 : 4

∴ ক এর অংশ : খ এর অংশ : গ এর অংশ : ঘ এর অংশ
= 2 : 3 : 6 : 4

∴ অনুপাতের রাশিগুলোর যোগফল = 2 + 3 + 6 + 4 = 15

∴ ক এর অংশ = $\left(300 \text{ এর } \frac{2}{15}\right)$ টাকা = 40 টাকা

খ এর অংশ = $\left(300 \text{ এর } \frac{3}{15}\right)$ টাকা = 60 টাকা

গ এর অংশ = $\left(300 \text{ এর } \frac{6}{15}\right)$ টাকা = 120 টাকা

এবং ঘ এর অংশ = $\left(300 \text{ এর } \frac{4}{15}\right)$ টাকা = 80 টাকা

∴ ক 40 টাকা, খ 60 টাকা, গ 120 টাকা এবং ঘ 80 টাকা পায়। (Ans.)

প্রশ্ন ১০ ৥ তিনজন জেলে 690 টি মাছ ধরেছে। তাদের অংশের অনুপাত $\frac{2}{3}$, $\frac{4}{5}$ এবং $\frac{5}{6}$ হলে, কে কয়টি মাছ পেল?

সমাধান : দেওয়া আছে, মোট মাছের সংখ্যা = 690 টি

তিনজনের অংশের অনুপাত = $\frac{2}{3} : \frac{4}{5} : \frac{5}{6}$

= $\left(\frac{2}{3} \times 30\right) : \left(\frac{4}{5} \times 30\right) : \left(\frac{5}{6} \times 30\right)$

[3, 5 ও 6 এর ল. সা. গু. 30 দিয়ে গুণ করে]

= 20 : 24 : 25

∴ অনুপাতের রাশিগুলোর যোগফল = 20 + 24 + 25 = 69

∴ 1ম জেলের মাছের সংখ্যা = $\left(690 \text{ এর } \frac{20}{69}\right)$ টি = 200 টি

২য় জেলের মাছের সংখ্যা = $\left(690 \text{ এর } \frac{24}{69}\right)$ টি = 240 টি

এবং ৩য় জেলের মাছের সংখ্যা = $\left(690 \text{ এর } \frac{25}{69}\right)$ টি = 250 টি

∴ তিনজন জেলে যথাক্রমে 200 টি, 240 টি এবং 250 টি মাছ পেল। (Ans.)

প্রশ্ন ১১ ৥ একটি ত্রিভুজের পরিসীমা 45 সে. মি.। বাহুগুলোর দৈর্ঘ্যের অনুপাত 3 : 5 : 7 হলে, প্রত্যেক বাহুর পরিমাণ নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে, ত্রিভুজের পরিসীমা = 45 সে. মি.

এবং বাহুগুলোর দৈর্ঘ্যের অনুপাত = 3 : 5 : 7

∴ অনুপাতের রাশিগুলোর যোগফল = 3 + 5 + 7 = 15

∴ ত্রিভুজের প্রথম বাহুর দৈর্ঘ্য $\left(45 \text{ এর } \frac{3}{15}\right)$ সে. মি.

= 9 সে. মি.

ত্রিভুজের দ্বিতীয় বাহুর দৈর্ঘ্য $\left(45 \text{ এর } \frac{5}{15}\right)$ সে. মি.

= 15 সে. মি.

এবং ত্রিভুজের তৃতীয় বাহুর দৈর্ঘ্য $\left(45 \text{ এর } \frac{7}{15}\right)$ সে. মি.

= 21 সে. মি.

নির্ণেয় ত্রিভুজের বাহুগুলোর পরিমাণ 9 সে. মি., 15 সে. মি. ও 21 সে. মি.।

প্রশ্ন ১২ ৥ 1011 টাকাকে $\frac{3}{4} : \frac{4}{5} : \frac{6}{7}$ অনুপাতে বিভক্ত কর।

সমাধান : দেওয়া আছে, মোট টাকার পরিমাণ 1011

এবং বন্টনের অনুপাত = $\frac{3}{4} : \frac{4}{5} : \frac{6}{7}$

= $\left(\frac{3}{4} \times 140\right) : \left(\frac{4}{5} \times 140\right) : \left(\frac{6}{7} \times 140\right)$

[হর 4, 5 ও 7 এর ল.সা.গু. 140 দ্বারা গুণ করে]

= 105 : 112 : 120

∴ অনুপাতের রাশিগুলোর সমষ্টি = 105 + 112 + 120 = 337

∴ প্রথম অংশ = $\left(1011 \text{ এর } \frac{105}{337}\right)$ টাকা = 315 টাকা

দ্বিতীয় অংশ = $\left(1011 \text{ এর } \frac{112}{337}\right)$ টাকা = 336 টাকা

তৃতীয় অংশ = $\left(1011 \text{ এর } \frac{120}{337}\right)$ টাকা = 360 টাকা

∴ বিভক্তকৃত টাকার পরিমাণ 315 টাকা, 336 টাকা, 360 টাকা। (Ans.)

প্রশ্ন ১৩ ৥ দুইটি সংখ্যার অনুপাত 5 : 7 এবং তাদের গ. সা. গু. 4 হলে, সংখ্যা দুইটির ল.সা.গু. কত?

সমাধান : দেওয়া আছে, সংখ্যা দুইটির অনুপাত 5 : 7

মনে করি, সংখ্যা দুইটি 5x ও 7x, যেখানে, x অনুপাতের সাধারণ গুণিতক।

5x ও 7x এর গ. সা. গু. x

প্রশ্নানুসারে, x = 4

5x ও 7x এর ল. সা. গু. = 35x = 35 × 4 [∵ x = 4]

= 140

অতএব, সংখ্যা দুইটির ল. সা. গু. 140 (Ans.)

প্রশ্ন ১৪ ৥ ক্রিকেট খেলায় সাকিব, মুশফিকুর ও মাশরাফী 171 রান করলো।

সাকিব ও মুশফিকুরের এবং মুশফিকুর ও মাশরাফীর রানের অনুপাত 3 : 2 হলে কে কত রান করেছে?

সমাধান : সাকিবের রান : মুশফিকুরের রান = 3 : 2

= (3 × 3) : (2 × 3)

= 9 : 6

মুশফিকুরের রান : মাশরাফীর রান = 3 : 2

= (3 × 2) : (2 × 2)

= 6 : 4

∴ সাকিবের রান : মুশফিকুরের রান : মাশরাফীর রান = 9 : 6 : 4

অনুপাতের রাশিগুলোর যোগফল = 9 + 6 + 4 = 19

∴ সাকিবের রান $\left(171 \text{ এর } \frac{9}{19}\right)$ = $\left(171 \times \frac{9}{19}\right)$ রান = 81 রান

মুশফিকুরের রান $\left(171 \text{ এর } \frac{6}{19}\right)$ = $\left(171 \times \frac{6}{19}\right)$ রান = 54 রান

মাশরাফীর রান $\left(171 \text{ এর } \frac{4}{19}\right)$ = $\left(171 \times \frac{4}{19}\right)$ রান = 36 রান

∴ সাকিব 81 রান, মুশফিকুর 54 রান, মাশরাফী 36 রান করেছে। (Ans.)

প্রশ্ন ১৫ ৥ একটি অফিসে 2 জন কর্মকর্তা, 7 জন করণিক এবং 3 জন পিওন

আছে। একজন পিওন 1 টাকা পেলে একজন করণিক পায় 2 টাকা, একজন কর্মকর্তা পায় 4 টাকা। তাদের সকলের মোট বেতন 150,000 টাকা হলে, কে কত বেতন পায়?

সমাধান : মনে করি, একজন পিওন পায় x টাকা (সমানুপাতিক x ধরে)

তাহলে, একজন করণিক পায় 2x টাকা

এবং একজন কর্মকর্তা পায় 4x টাকা।

প্রশ্নমতে, $(4x \times 2) + (2x \times 7) + (x \times 3) = 150000$

$$\text{বা, } 8x + 14x + 3x = 150000$$

$$\text{বা, } 25x = 150000$$

$$\text{বা, } x = \frac{150000}{25}$$

$$\therefore x = 6000$$

\therefore একজন পিওনের বেতন = 6000 টাকা

একজন করণিকের বেতন = (6000×2) টাকা = 12000 টাকা

এবং একজন কর্মকর্তার বেতন = (6000×4) টাকা = 24000 টাকা

\therefore প্রত্যেক কর্মকর্তা 24000 টাকা, করণিক 12000 টাকা এবং পিওন 6000 টাকা বেতন পায়। (Ans.)

প্রশ্ন ১৬ ৥ একটি সমিতির নেতা নির্বাচনে দুইজন প্রতিদ্বন্দীর মধ্যে ডোনাল্ড সাহেব 4 : 3 ভোটে জয়লাভ করলেন। যদি মোট সদস্য সংখ্যা 581 হয় এবং 91 জন সদস্য ভোট না দিয়ে থাকেন, তবে ডোনাল্ড সাহেবের প্রতিদ্বন্দী কত ভোটের ব্যবধানে পরাজিত হয়েছেন?

সমাধান : দেওয়া আছে, মোট সদস্য = 581 জন

91 জন সদস্য ভোট না দেওয়ায় ভোট দেওয়া সদস্য

$$(581 - 91) \text{ জন} = 490 \text{ জন}$$

ডোনাল্ড সাহেবের প্রাপ্ত ভোট : প্রতিদ্বন্দীর প্রাপ্ত ভোট = 4 : 3

$$\text{অনুপাতের রাশিদ্বয়ের যোগফল} = 4 + 3 = 7$$

\therefore ডোনাল্ড সাহেব পেলেন $(490 \text{ এর } \frac{4}{7})$ ভোট = 280 ভোট

এবং প্রতিদ্বন্দী পেলেন $(490 \text{ এর } \frac{3}{7})$ ভোট = 210 ভোট

\therefore ডোনাল্ড সাহেবের প্রতিদ্বন্দী পরাজিত হলেন $(280 - 210)$ বা, 70 ভোটের ব্যবধানে। (Ans.)

প্রশ্ন ১৭ ৥ যদি কোনো বর্গবেত্রের বাহুর পরিমাণ 20% বৃদ্ধি পায়, তবে তার বেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

সমাধান : মনে করি, বর্গবেত্রের এক বাহুর দৈর্ঘ্য x একক

\therefore বর্গবেত্রের বেত্রফল x^2 বর্গ একক.

20% বৃদ্ধিতে বর্গবেত্রের বাহুর দৈর্ঘ্য $(x + x \text{ এর } \frac{20}{100})$ একক

$$= \left(x + \frac{x}{5}\right) \text{ একক}$$

$$= \frac{6x}{5} \text{ একক}$$

\therefore 20% বৃদ্ধিতে বর্গবেত্রের বেত্রফল $\left(\frac{6x}{5}\right)^2$ বর্গ একক

$$= \frac{36x^2}{25} \text{ বর্গ একক}$$

বর্গবেত্রের বেত্রফল বৃদ্ধি $\left(\frac{36x^2}{25} - x^2\right)$ বর্গ একক

$$= \left(\frac{36x^2 - 25x^2}{25}\right) \text{ বর্গ একক}$$

$$= \frac{11x^2}{25} \text{ বর্গ একক}$$

\therefore শতকরা বেত্রফল বৃদ্ধি $\left(\frac{\text{মোট বৃদ্ধি}}{\text{পূর্বের বেত্রফল}} \times 100\right)\%$

$$= \left(\frac{11x^2}{x^2} \times 100\right)\% \\ = 44\%$$

\therefore বেত্রফল বৃদ্ধি পায় 44% (Ans.)

প্রশ্ন ১৮ ৥ একটি আয়তবেত্রের দৈর্ঘ্য 10% বৃদ্ধি এবং প্রস্থ 10% হ্রাস পেলে আয়তবেত্রের বেত্রফল শতকরা কত বৃদ্ধি বা হ্রাস পাবে?

সমাধান : মনে করি, আয়তবেত্রের দৈর্ঘ্য x একক এবং প্রস্থ y একক

\therefore আয়তবেত্রটির বেত্রফল = xy বর্গ একক

10% বৃদ্ধিতে আয়তবেত্রের দৈর্ঘ্য = $(x + x \text{ এর } \frac{10}{100})$ একক

$$= \left(x + \frac{x}{10}\right) \text{ একক}$$

$$= \frac{11x}{10} \text{ একক}$$

এবং 10% হ্রাসে আয়তবেত্রের প্রস্থ = $(y - y \text{ এর } \frac{10}{100})$ একক

$$= \left(y - \frac{y}{10}\right) \text{ একক}$$

$$= \frac{9y}{10} \text{ একক}$$

\therefore 10% হ্রাস-বৃদ্ধিতে আয়তবেত্রের বেত্রফল = $\frac{11x}{10} \times \frac{9y}{10}$ বর্গ একক

$$= \frac{99xy}{100} \text{ বর্গ একক}$$

সুতরাং বেত্রফল হ্রাস পায় $\left(xy - \frac{99xy}{100}\right)$ বর্গ একক

$$= \left(\frac{100xy - 99xy}{100}\right) \text{ বর্গ একক}$$

$$= \frac{xy}{100} \text{ বর্গ একক}$$

\therefore বেত্রফল শতকরা হ্রাস পায় = $\left(\frac{\text{মোট হ্রাস}}{\text{পূর্বের বেত্রফল}} \times 100\right)$ বর্গ একক

$$= \left(\frac{xy}{100} \times 100\right) \text{ বর্গ একক}$$

$$= \frac{xy}{100} \times \frac{1}{xy} \times 100 \text{ বর্গ একক}$$

$$= 1 \text{ বর্গ একক}$$

অতএব, আয়তবেত্রের বেত্রফল 1% হ্রাস পাবে। (Ans.)

প্রশ্ন ১৯ ৥ একটি মাঠের জমিতে সেচের সুযোগ আসার আগের ও পরের ফলনের অনুপাত 4 : 7. ঐ মাঠে যে জমিতে আগে 304 কুইন্টাল ধান ফলতো, সেচ পাওয়ার পরে তার ফলন কত হবে?

সমাধান : মনে করি, সেচ পাওয়ার পরে ফলনের পরিমাণ x কুইন্টাল

সেচ আসার আগের ফলন : সেচ আসার পরের ফলন = 4 : 7

প্রশ্নানুসারে, $304 : x = 4 : 7$

$$\text{বা, } \frac{304}{x} = \frac{4}{7}$$

$$\text{বা, } 4x = 7 \times 304$$

$$\text{বা, } x = \frac{7 \times 304}{4}$$

$$\therefore x = 532$$

\therefore সেচ পাওয়ার পরে ফলন হবে 532 কুইন্টাল। (Ans.)

প্রশ্ন ১২০ ১ ধান ও ধান থেকে উৎপন্ন চালের অনুপাত 3 : 2 এবং গম ও গম থেকে উৎপন্ন সুজির অনুপাত 4 : 3 হলে, সমান পরিমাণের ধান ও গম থেকে উৎপন্ন চাল ও সুজির অনুপাত বের কর।

সমাধান : মনে করি, উৎপন্ন চালের পরিমাণ x কুইন্টাল

এবং উৎপন্ন সুজির পরিমাণ y কুইন্টাল

প্রশ্নানুসারে, ধান : চাল = 3 : 2

$$\text{বা, } 1 : x = 3 : 2$$

$$\text{বা, } \frac{1}{x} = \frac{3}{2}$$

$$\therefore x = \frac{2}{3}$$

\therefore চালের পরিমাণ $\frac{2}{3}$ কুইন্টাল

আবার, গম : সুজি = 4 : 3

$$\text{বা, } 1 : y = 4 : 3$$

$$\text{বা, } \frac{1}{y} = \frac{4}{3}$$

$$\therefore y = \frac{3}{4}$$

\therefore সুজির পরিমাণ $\frac{3}{4}$ কুইন্টাল।

উৎপন্ন চাল : উৎপন্ন সুজি = $\frac{2}{3} : \frac{3}{4}$

$$= \left(\frac{2}{3} \times 12 \right) : \left(\frac{3}{4} \times 12 \right)$$

[3, 4 এর ল.সা.গু. 12]

$$= 8 : 9$$

\therefore উৎপন্ন চাল ও সুজির অনুপাত 8 : 9। (Ans.)

প্রশ্ন ১২১ ১ একটি জমির বেত্রফল 432 বর্গমিটার। ঐ জমির দৈর্ঘ্য ও প্রস্থের সঙ্গে অপর একটি জমির দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত যথাক্রমে 3 : 4 এবং 2 : 5 হলে, অপর জমির বেত্রফল কত?

সমাধান : দেওয়া আছে,

$$1\text{ম জমির দৈর্ঘ্য} : 2\text{য় জমির দৈর্ঘ্য} = 3 : 4$$

$$\text{এবং } 1\text{ম জমির প্রস্থ} : 2\text{য় জমির প্রস্থ} = 2 : 5$$

$$\text{ধরি, } 1\text{ম জমির দৈর্ঘ্য} = 3x \text{ মিটার}$$

$$2\text{য় জমির দৈর্ঘ্য} = 4x \text{ মিটার}$$

$$\text{এবং } 1\text{ম জমির প্রস্থ} = 2y \text{ মিটার}$$

$$2\text{য় জমির প্রস্থ} = 5y \text{ মিটার}$$

$$1\text{ম জমির ক্ষেত্রফল} = (3x \times 2y) \text{ বর্গমিটার}$$

$$= 6xy \text{ বর্গমিটার}$$

$$2\text{য় জমির ক্ষেত্রফল} = (4x \times 5y) \text{ বর্গমিটার}$$

$$= 20xy \text{ বর্গমিটার}$$

$$\text{প্রশ্নমতে, } 6xy = 432$$

$$\text{বা, } xy = \frac{432}{6}$$

$$\therefore xy = 72$$

$$\therefore 2\text{য় জমির ক্ষেত্রফল} = 20xy \text{ বর্গমিটার}$$

$$= (20 \times 72) \text{ ব.মি.} \quad [\because xy = 72]$$

$$= 1440 \text{ বর্গমিটার}$$

\therefore অপর জমির ক্ষেত্রফল 1440 বর্গমিটার। (Ans.)

প্রশ্ন ১২২ ১ জেমি ও সিমি একই ব্যাংক থেকে একই দিনে 10% হার সরল মুনাফায় আলাদা আলাদা পরিমাণ অর্থ ঋণ নেয়। জেমি 2 বছর পর মুনাফা-আসলে যত টাকা শোধ করে 3 বছর পর সিমি মুনাফা-আসলে তত টাকা শোধ করে। তাদের ঋণের অনুপাত নির্ণয় কর।

সমাধান : মনে করি, ব্যাংক থেকে জেমি ঋণ করে x টাকা এবং সিমি ঋণ করে y টাকা

এখন, 10% মুনাফায় x টাকার 2 বছরের মুনাফা

$$= \left(x \times 2 \times \frac{10}{100} \right) \text{ টাকা} = \frac{x}{5} \text{ টাকা}$$

\therefore 2 বছর পরে জেমি মুনাফা-আসলে পরিশোধ করে = $\left(x + \frac{x}{5} \right)$ টাকা

$$= \frac{5x + x}{5} \text{ টাকা}$$

$$= \frac{6x}{5} \text{ টাকা}$$

আবার, 10% মুনাফায় y টাকার 3 বছরের মুনাফা

$$= \left(y \times 3 \times \frac{10}{100} \right) \text{ টাকা}$$

$$= \frac{3y}{10} \text{ টাকা}$$

\therefore 3 বছর পরে সিমি মুনাফা-আসলে পরিশোধ করে = $\left(y + \frac{3y}{10} \right)$ টাকা

$$= \frac{10y + 3y}{10} \text{ টাকা}$$

$$= \frac{13y}{10} \text{ টাকা}$$

$$\text{প্রশ্নানুসারে, } \frac{6x}{5} = \frac{13y}{10}$$

$$\text{বা, } 60x = 65y$$

$$\text{বা, } \frac{x}{y} = \frac{65}{60}$$

$$\text{বা, } \frac{x}{y} = \frac{13}{12}$$

$$\therefore x : y = 13 : 12$$

নির্ণেয় ঋণের অনুপাত 13 : 12

প্রশ্ন ১২৩ ১ একটি ত্রিভুজের বাহুগুলোর অনুপাত 5:12:13 এবং পরিসীমা 30 সে. মি.

ক. ত্রিভুজটি অঙ্কন কর এবং কোণভেদে ত্রিভুজটি কী ধরনের তা লিখ।

খ. বৃহত্তর বাহুকে দৈর্ঘ্য এবং ক্ষুদ্রতর বাহুকে প্রস্থ ধরে অঙ্কিত আয়তবেত্রের কর্ণের সমান বাহুবিশিষ্ট বর্গের বেত্রফল নির্ণয় কর।

গ. উক্ত আয়তবেত্রের দৈর্ঘ্য 10% এবং প্রস্থ 20% বৃদ্ধি পেলে বেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

সমাধান :

ক. দেওয়া আছে, ত্রিভুজের বাহুগুলোর অনুপাত 5 : 12 : 13 এবং পরিসীমা 30 সে.মি.।


ধরি, ত্রিভুজের বাহুগুলো 5x, 12x ও 13x সে.মি.

$$\text{প্রশ্নমতে, } 5x + 12x + 13x = 30$$

$$\text{বা, } 30x = 30$$

$$\therefore x = 1$$


অতএব, ত্রিভুজের বাহুগুলো হলো 5 সে.মি., 12 সে.মি. ও 13 সে.মি.।



$$\text{চিত্র হতে, } AB^2 + BC^2 = (5)^2 + (12)^2 \\ = 25 + 144 = 169 = (13)^2 = (AC)^2$$

\therefore পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী ত্রিভুজটি সমকোণী। অতএব, ত্রিভুজটি একটি সমকোণী ত্রিভুজ এবং $\angle ABC = 90^\circ$

খ. বৃহত্তর বাহুর দৈর্ঘ্য 13 সে. মি. কে দৈর্ঘ্য এবং ক্ষুদ্রতর বাহুর দৈর্ঘ্য 5 সে. মি. কে প্রস্থ ধরে নিচে আয়তবেত্রটি আঁকা হলো :



ABCD আয়তবেত্রের কর্ণ AC কোনো বর্গবেত্রের বাহু হলে ঐ বর্গবেত্রটির বেত্রফল হবে AC^2 বর্গ সে. মি.

এখন, $\triangle ADC$ এ $\angle D = 90^\circ$

$$\therefore \text{পিথাগোরাসের উপপাদ্য অনুসারে পাই, } AC^2 = AD^2 + CD^2 \\ = (5)^2 + (13)^2 \\ = 25 + 169 \\ = 194$$

অর্থাৎ, ঐ বর্গবেত্রটির বেত্রফল 194 বর্গ সে. মি. (Ans.)

গ. 10% বৃদ্ধিতে আয়তবেত্রটির দৈর্ঘ্য

$$= \left(13 + 13 \text{ এর } \frac{10}{100}\right) \text{ সে. মি.} \\ = \left(13 + \frac{13}{10}\right) \text{ সে. মি.} \\ = \frac{143}{10} \text{ সে. মি.} \\ = 14.3 \text{ সে. মি.}$$

এবং 20% বৃদ্ধিতে আয়তবেত্রটির প্রস্থ

$$= \left(5 + 5 \text{ এর } \frac{20}{100}\right) \text{ সে. মি.} \\ = (5 + 1) \text{ সে. মি.} \\ = 6 \text{ সে. মি.}$$

\therefore দৈর্ঘ্য-প্রস্থ বৃদ্ধিতে আয়তবেত্রটির বেত্রফল

$$= (14.3 \times 6) \text{ বর্গ সে. মি.} \\ = 85.8 \text{ বর্গ সে. মি.}$$

দৈর্ঘ্য 13 সে. মি. এবং প্রস্থ 5 সে. মি. বিশিষ্ট আয়তবেত্রটির বেত্রফল = (13×5) বর্গ সে. মি. = 65 বর্গ সে. মি.

\therefore বেত্রফল বৃদ্ধি পায় $(85.8 - 65)$ বর্গ সে.মি.
= 20.8 বর্গ সে.মি.

$$\therefore \text{বেত্রফল শতকরা বৃদ্ধি পাবে } \left(\frac{\text{বেত্রফল বৃদ্ধি}}{\text{আদি বেত্রফল}} \times 100\right)\% \\ = \left(\frac{20.8}{65} \times 100\right)\% \\ = 32\%$$

অতএব, বেত্রফল 32% বৃদ্ধি পাবে।

প্রশ্ন II ২৪ II একদিন কোনো ক্লাসে অনুপস্থিত ও উপস্থিত শিবাধীর্য় অনুপাত 1 : 4।

ক. অনুপস্থিত শিবাধীর্য়দেরকে মোট শিবাধীর্য় শতকরায় প্রকাশ কর।

খ. 10 জন শিবাধীর্য় বেশি উপস্থিত হলে অনুপস্থিত ও উপস্থিত শিবাধীর্য় অনুপাত হতো 1 : 9। মোট শিবাধীর্য় সংখ্যা কত?

গ. মোট শিবাধীর্য় মধ্যে ছাত্র সংখ্যা ছাত্রী সংখ্যার দ্বিগুণ অপেক্ষা 20 জন কম। ছাত্র ও ছাত্রীসংখ্যার অনুপাত নির্ণয় কর।

সমাধান :

ক. মনে করি, অনুপস্থিত ছাত্র সংখ্যা x

এবং উপস্থিত ছাত্রসংখ্যা $4x$ [এখানে, x ধনাত্মক আনুপাতিক ধ্রুবক]

$$\text{মোট ছাত্র সংখ্যা} = x + 4x = 5x$$

$$\therefore \text{অনুপস্থিত ছাত্রসংখ্যা মোট ছাত্রসংখ্যার } \frac{x}{5x} \text{ ভাগ}$$

$$\text{অর্থাৎ, } \frac{\text{অনুপস্থিত ছাত্র}}{\text{মোট ছাত্র}} \times 100\%$$

$$= \frac{x}{5x} \times 100\% = \frac{1}{5} \times 100\% = 20\%$$

\therefore অনুপস্থিত ছাত্রসংখ্যা মোট ছাত্র সংখ্যার 20%

খ. 10 জন শিবাধীর্য় বেশি উপস্থিত হলে,

উপস্থিত শিবাধীর্য় সংখ্যা হয় $(4x + 10)$ জন

অনুপস্থিত শিবাধীর্য় সংখ্যা $(x - 10)$ জন

প্রশ্নানুসারে, $(x - 10) : (4x + 10) = 1 : 9$

$$\text{বা, } \frac{x - 10}{4x + 10} = \frac{1}{9}$$

$$\text{বা, } 9x - 90 = 4x + 10$$

$$\text{বা, } 9x - 4x = 90 + 10$$

$$\text{বা, } 5x = 100$$

$$\text{বা, } x = \frac{100}{5}$$

$$\therefore x = 20$$

\therefore মোট শিবাধীর্য় $5x = (5 \times 20)$ জন = 100 জন (Ans.)

গ. ধরি, ছাত্রী সংখ্যা = y জন

এবং ছাত্র সংখ্যা = $(2y - 20)$ জন

প্রশ্নানুসারে, $y + 2y - 20 = 100$

$$\text{বা, } 3y = 100 + 20$$

$$\text{বা, } 3y = 120$$

$$\text{বা, } y = \frac{120}{3}$$

$$\therefore y = 40$$

\therefore ছাত্রী সংখ্যা 40 জন।

\therefore ছাত্র সংখ্যা = $2y - 20 = (2 \times 40 - 20)$ জন = 60 জন

\therefore ছাত্র : ছাত্রী = 60 : 40

[20 দ্বারা ভাগ করে]

$$= 3 : 2$$

নির্ণেয় অনুপাত 3 : 2

সৃজনশীল প্রশ্ন:

১৬ক^২ ▶ a, b, c KìwgK mgvbycvwZK; $m^2 - \frac{2m}{x} + 1 =$

0 %es

A = $\frac{2 - \sqrt{1-y}}{2 + \sqrt{1-y}}$. [Kzwgíiv ^evWE-2019 ψ cÉk^২ bs 3]

ক. দেখাও যে, $\left(\frac{a+b}{b+c}\right)^2 = \frac{a}{c}$. ২

খ. A = $\frac{5}{7}$ হলে, y এর মান নির্ণয় কর। ৪

গ. প্রমাণ কর যে, $\frac{\sqrt{1+x} + \sqrt{1-x}}{\sqrt{1+x} - \sqrt{1-x}} = m$ ৪

১ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

a, b, c ক্রমিক সমানুপাতী।

∴ a : b = b : c

বা, $\frac{a}{b} = \frac{b}{c}$

∴ b² = ac(i)

এখন, $\left(\frac{a+b}{b+c}\right)^2 = \frac{a^2 + 2ab + b^2}{b^2 + 2bc + c^2}$
 $= \frac{a^2 + 2ab + ac}{ac + 2bc + c^2}$ [b² = ac বসিয়ে]
 $= \frac{a(a + 2b + c)}{c(a + 2b + c)}$
 $= \frac{a}{c}$

∴ $\left(\frac{a+b}{b+c}\right)^2 = \frac{a}{c}$ (দেখানো হলো)

১৬খ দেওয়া আছে, A = $\frac{2 - \sqrt{1-y}}{2 + \sqrt{1-y}}$

এখন, A = $\frac{5}{7}$ হলে,

$\frac{2 - \sqrt{1-y}}{2 + \sqrt{1-y}} = \frac{5}{7}$

বা, $\frac{2 - \sqrt{1-y} + 2 + \sqrt{1-y}}{2 - \sqrt{1-y} - 2 - \sqrt{1-y}} = \frac{5+7}{5-7}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{4}{-2\sqrt{1-y}} = \frac{12}{-2}$

বা, $\frac{4}{\sqrt{1-y}} = 12$

বা, $12\sqrt{1-y} = 4$

বা, $\sqrt{1-y} = \frac{4}{12}$

বা, $\sqrt{1-y} = \frac{1}{3}$

বা, $1-y = \frac{1}{9}$ [উভয়পক্ষে বর্গ করে]

বা, $y = 1 - \frac{1}{9}$

বা, $y = \frac{9-1}{9}$

∴ $y = \frac{8}{9}$ (Ans.)

গ দেওয়া আছে, $m^2 - \frac{2m}{x} + 1 = 0$

বা, $m^2 + 1 = \frac{2m}{x}$

বা, $\frac{m^2 + 1}{2m} = \frac{1}{x}$

বা, $\frac{m^2 + 1 + 2m}{m^2 + 1 - 2m} = \frac{1+x}{1-x}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{(m+1)^2}{(m-1)^2} = \frac{1+x}{1-x}$

বা, $\frac{m+1}{m-1} = \frac{\sqrt{1+x}}{\sqrt{1-x}}$ [বর্গমূল করে]

বা, $\frac{m+1+m-1}{m+1-m+1} = \frac{\sqrt{1+x} + \sqrt{1-x}}{\sqrt{1+x} - \sqrt{1-x}}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{2m}{2} = \frac{\sqrt{1+x} + \sqrt{1-x}}{\sqrt{1+x} - \sqrt{1-x}}$

∴ $m = \frac{\sqrt{1+x} + \sqrt{1-x}}{\sqrt{1+x} - \sqrt{1-x}}$ (প্রমাণিত)

১৬গ ▶ $y = \frac{14mn}{m+n}$ এবং p : q = q : r. [চট্টগ্রাম বোর্ড-২০১৯ ψ প্রশ্ন নং ২]

ক. দেখাও যে, $\frac{p}{r} = \frac{p^2 + q^2}{q^2 + r^2}$. ২

খ. প্রমাণ কর যে, $p^4q^4r^4 \left(\frac{1}{p^6} + \frac{1}{q^6} + \frac{1}{r^6}\right) = p^6 + q^6 + r^6$. ৪

গ. $\frac{y+7m}{y-7m} + \frac{y+7n}{y-7n}$ এর মান নির্ণয় কর, m ≠ n. ৪

২ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, p : q = q : r

বা, $\frac{p}{q} = \frac{q}{r}$

বা, $\frac{p^2}{q^2} = \frac{q^2}{r^2}$ [উভয়পক্ষে বর্গ করে]

বা, $\frac{p^2 + q^2}{q^2} = \frac{q^2 + r^2}{r^2}$ [যোজন করে]

বা, $\frac{p^2 + q^2}{q^2 + r^2} = \frac{q^2}{r^2}$ [একালঙ্করণ করে]

বা, $\frac{p^2 + q^2}{q^2 + r^2} = \frac{pr}{r^2}$ [∵ $\frac{p}{q} = \frac{q}{r}$ ∴ pr = q²]

বা, $\frac{p^2 + q^2}{q^2 + r^2} = \frac{p}{r}$

∴ $\frac{p}{r} = \frac{p^2 + q^2}{q^2 + r^2}$ (দেখানো হলো)

খ দেওয়া আছে, p : q = q : r

বা, $\frac{p}{q} = \frac{q}{r}$

বা, q² = pr

এখন, বামপক্ষ = $p^4q^4r^4 \left(\frac{1}{p^6} + \frac{1}{q^6} + \frac{1}{r^6}\right)$

= $\frac{p^4q^4r^4}{p^6} + \frac{p^4q^4r^4}{q^6} + \frac{p^4q^4r^4}{r^6}$

= $\frac{q^4r^4}{p^2} + \frac{p^4r^4}{q^2} + \frac{p^4q^4}{r^2}$

= $\frac{(pr)^2 \cdot r^4}{p^2} + \frac{(q^2)^4}{q^2} + \frac{p^4 \cdot (pr)^2}{r^2}$ [∵ $\frac{p}{q} = \frac{q}{r}$ ∴ pr = q²]

বা, $m^3 + 3m = x + 3xm^2$

বা, $m^3 + 3m = x(1 + 3m^2)$

বা, $\frac{m^3 + 3m}{1 + 3m^2} = x$

বা, $\frac{m^3 + 3m + 3m^2 + 1}{m^3 + 3m - 3m^2 - 1} = \frac{x + 1}{x - 1}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{(m+1)^3}{(m-1)^3} = \frac{x+1}{x-1}$

বা, $\frac{m+1}{m-1} = \sqrt[3]{\frac{x+1}{x-1}}$ [ঘনমূল করে]

বা, $\frac{m+1+m-1}{m+1-m+1} = \frac{\sqrt[3]{x+1} + \sqrt[3]{x-1}}{\sqrt[3]{x+1} - \sqrt[3]{x-1}}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{2m}{2} = \frac{\sqrt[3]{x+1} + \sqrt[3]{x-1}}{\sqrt[3]{x+1} - \sqrt[3]{x-1}}$

$\therefore m = \frac{\sqrt[3]{x+1} + \sqrt[3]{x-1}}{\sqrt[3]{x+1} - \sqrt[3]{x-1}}$ (দেখানো হলো)

প্রশ্ন ৪০ a : b = b : c এবং $y = \frac{6pq}{p+q}$

[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজ, সৈয়দপুর, নীলফামারী ৷ প্রশ্ন নং ২]

ক. দেখাও যে, $\left(\frac{a+b}{b+c}\right)^2 = \frac{a}{c}$ ২

খ. প্রমাণ কর যে, $a^2b^2c^2\left(\frac{1}{a^3} + \frac{1}{b^3} + \frac{1}{c^3}\right) = a^3 + b^3 + c^3$ 8

গ. দেখাও যে, $\frac{y+3p}{y-3p} + \frac{y+3q}{y-3q} = 2, p \neq q.$ 8

৪০ নং প্রশ্নের সমাধান

ক সূজনশীল ১(ক)নং সমাধান দ্রষ্টব্য।

খ সূজনশীল ১১(খ)নং সমাধান দ্রষ্টব্য।

গ সূজনশীল ৮(খ)নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ৪১ a, b, c ও d ক্রমিক সমানুপাতী এবং $\frac{a^2+b^2}{a^2-b^2} = \frac{c^2+d^2}{c^2-d^2}$ গণিত মেইড ইজি

[সৈয়দপুর সরকারি কারিগরী কলেজ, নীলফামারী ৷ প্রশ্ন নং ২]

ক. দেখাও যে, $\frac{a^2+b^2}{a^2-b^2} = \frac{c^2+d^2}{c^2-d^2}$ ২

খ. প্রমাণ কর যে, $(a^2 + b^2 + c^2)(b^2 + c^2 + d^2) = (ab + bc + cd)^2$ 8

গ. উদ্দীপকের আলোকে x এর মান p এর মাধ্যমে নির্ণয় কর। 8

৪১ নং প্রশ্নের সমাধান

ক a, b, c ও d ক্রমিক সমানুপাতী হলে,

$\frac{a}{b} = \frac{c}{d}$

বা, $\frac{a^2}{b^2} = \frac{c^2}{d^2}$ [বর্গ করে]

বা, $\frac{a^2 + b^2}{a^2 - b^2} = \frac{c^2 + d^2}{c^2 - d^2}$ [যোজন-বিয়োজন করে]

$\therefore \frac{a^2 + b^2}{a^2 - b^2} = \frac{c^2 + d^2}{c^2 - d^2}$ (দেখানো হলো)

খ পাঠ্যবইয়ের অনুশীলনী ১১.১ এর উদাহরণ-১১(খ) দ্রষ্টব্য। পৃষ্ঠা-২১৪

গ সূজনশীল ১(গ) নং সমাধান দ্রষ্টব্য।

বি.দ্র.: m এর স্থলে x এবং x এর স্থলে p বসবে।

প্রশ্ন ৪২ p, q, r ক্রমিক সমানুপাতী এবং $M = \frac{1}{a} + \frac{1}{b}$

সম্বিত অধ্যায় ৫ ও ১১

[কুমিল্লা জিলা স্কুল, কুমিল্লা ৷ প্রশ্ন নং ৩]

ক. $\frac{x}{p} + \frac{p}{x} = \frac{x}{q} + \frac{q}{x}$ সমীকরণটির সমাধান কর। ২

খ. প্রমাণ কর যে, $p^4q^4r^4\left(\frac{1}{p^6} + \frac{1}{q^6} + \frac{1}{r^6}\right) = p^6 + q^6 + r^6.$ 8

গ. $8x^{-1} = M$ হলে, প্রমাণ কর যে, $\frac{x+4a}{x-4a} + \frac{x+4b}{x-4b} = 2; a \neq b.$ 8

৪২ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $\frac{x}{p} + \frac{p}{x} = \frac{x}{q} + \frac{q}{x}$

বা, $\frac{x}{p} - \frac{x}{q} = \frac{q}{x} - \frac{p}{x}$

বা, $\frac{qx - px}{pq} = \frac{q - p}{x}$

বা, $\frac{x(q-p)}{pq} = \frac{q-p}{x}$

বা, $x^2(q-p) = pq(q-p)$ [আড়গুণন করে]

বা, $x^2 = pq$

$\therefore x = \sqrt{pq}$ [বর্গমূল করে]

\therefore নির্ণয় সমাধান: $x = \sqrt{pq}$

খ সূজনশীল ২(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ দেওয়া আছে, $M = \frac{1}{a} + \frac{1}{b}$ এবং $8x^{-1} = M$

বা, $\frac{8}{x} = \frac{1}{a} + \frac{1}{b}$

বা, $\frac{8}{x} = \frac{a+b}{ab}$

বা, $\frac{x}{8} = \frac{ab}{a+b}$

$\therefore x = \frac{8ab}{a+b}$

বা, $\frac{x}{4a} = \frac{2b}{a+b}$

বা, $\frac{x+4a}{x-4a} = \frac{2b+a+b}{2b-a-b}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{x+4a}{x-4a} = \frac{3b+a}{b-a} \dots \dots (i)$

আবার, $\frac{x}{4b} = \frac{2a}{a+b}$
SSC গণিত মেইড ইজি

বা, $\frac{x}{4b} = \frac{2a}{a+b}$

বা, $\frac{x+4b}{x-4b} = \frac{2a+a+b}{2a-a-b}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{x+4b}{x-4b} = \frac{3a+b}{a-b} \dots \dots (ii)$

(i) নং ও (ii) নং যোগ করে,

$\frac{x+4a}{x-4a} + \frac{x+4b}{x-4b} = \frac{3b+a}{b-a} + \frac{3a+b}{a-b}$

বা, $\frac{x+4a}{x-4a} + \frac{x+4b}{x-4b} = \frac{3b+a}{b-a} - \frac{3a+b}{b-a}$

বা, $\frac{x+4a}{x-4a} + \frac{x+4b}{x-4b} = \frac{3b+a-3a-b}{b-a}$

বা, $\frac{x+4a}{x-4a} + \frac{x+4b}{x-4b} = \frac{2b-2a}{b-a}$

বা, $\frac{x+4a}{x-4a} + \frac{x+4b}{x-4b} = \frac{2(b-a)}{(b-a)}$

$\therefore \frac{x+4a}{x-4a} + \frac{x+4b}{x-4b} = 2$ (প্রমাণিত)

প্রশ্ন 8৩ $m = \frac{1 - px}{1 + px}$ এবং $n = \frac{1 + qx}{1 - qx}$ যেখানে $p \neq q$

আবার, $\frac{16}{x} = \frac{1}{a} + \frac{1}{b}$, যেখানে $a \neq b$

[গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, কুমিল-১] প্রশ্ন নং ২]

ক. $\frac{x}{y} = \frac{y}{z}$ হলে, দেখাও যে, $\frac{(x-y)^2}{x} = \frac{(y-z)^2}{z}$

খ. $m\sqrt{n} = 1$ হলে x এর মান নির্ণয় কর।

গ. $\frac{x+8a}{x-8a} + \frac{x+8b}{x-8b}$ এর মান নির্ণয় কর।

৪৩ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $\frac{x}{y} = \frac{y}{z}$ বা, $y^2 = zx$

এখন, $\frac{(x-y)^2}{x} = \frac{x^2 - 2xy + y^2}{x} = \frac{x^2 - 2xy + zx}{x} = \frac{x(x-2y+z)}{x}$

$\therefore \frac{(x-y)^2}{x} = x - 2y + z$

$= \frac{z(x-2y+z)}{z}$

$= \frac{zx - 2yz + z^2}{z} = \frac{y^2 - 2yz + z^2}{z}$ [মান বসিয়ে]

$\therefore \frac{(x-y)^2}{x} = \frac{(y-z)^2}{z}$ (দেখানো হলো)

খ. দেওয়া আছে, $m\sqrt{n} = 1$

বা, $\frac{1-px}{1+px} \sqrt{\frac{1+qx}{1-qx}} = 1$

অতঃপর পাঠ্যবইয়ের অনুশীলনী-১১.১ এর উদাহরণ-৫ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২১০

গ. দেওয়া আছে, $\frac{16}{x} = \frac{1}{a} + \frac{1}{b}$

বা, $\frac{16}{x} = \frac{a+b}{ab}$

বা, $\frac{x}{16} = \frac{ab}{a+b}$

বা, $\frac{x}{8a} = \frac{2b}{a+b}$

বা, $\frac{x+8a}{x-8a} = \frac{2b+a+b}{2b-a-b}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{x+8a}{x-8a} = \frac{3b+a}{b-a} \dots \dots (i)$

আবার, $\frac{x}{16} = \frac{ab}{a+b}$

বা, $\frac{x}{8b} = \frac{2a}{a+b}$

বা, $\frac{x+8b}{x-8b} = \frac{2a+a+b}{2a-a-b}$

বা, $\frac{x+8b}{x-8b} = \frac{3a+b}{a-b} \dots \dots (ii)$

(i) ও (ii) নং সমীকরণ যোগ করে পাই,

$\frac{x+8a}{x-8a} + \frac{x+8b}{x-8b} = \frac{3b+a}{b-a} + \frac{3a+b}{a-b}$

$= -\frac{3b+a}{a-b} + \frac{3a+b}{a-b}$

$= \frac{-3b-a+3a+b}{a-b}$

$= \frac{2a-2b}{a-b}$

$= \frac{2(a-b)}{a-b}$

$= 2$ (Ans.)

প্রশ্ন 8৪ $y = \frac{14mn}{m+n}$ এবং $p : q = q : r$

[ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল-১] প্রশ্ন নং ৩]

ক. দেখাও যে, $\frac{p}{r} = \frac{p^2+q^2}{q^2+r^2}$ ২

খ. প্রমাণ কর যে, $p^4q^4r^4 \left(\frac{1}{p^6} + \frac{1}{q^6} + \frac{1}{r^6} \right) = p^6 + q^6 + r^6$ ৪

গ. $\frac{y+7m}{y-7m} + \frac{y+7n}{y-7n}$ এর মান নির্ণয় কর, $m \neq n$. ৪

৪৪ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ২ নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন 8৫ p, q, r ও s ক্রমিক সমানুপাতিক এবং $x = \frac{10mn}{m+n}$

[চট্টগ্রাম কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম] প্রশ্ন নং ২]

ক. দেখাও যে, $\frac{p}{r} = \frac{p^2+q^2}{q^2+r^2}$ ২

খ. প্রমাণ কর যে, $(p^2 + q^2 + r^2)(q^2 + r^2 + s^2) = (pq + qr + rs)^2$ ৪

গ. $\frac{x+5m}{x-5m} + \frac{x+5n}{x-5n}$ এর মান নির্ণয় কর যেখানে, $m \neq n$ ৪

৪৫ নং প্রশ্নের সমাধান

পাঠ্যবইয়ের অনুশীলনী-১১.১ এর উদাহরণ-১১ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২১৪

প্রশ্ন 8৬ a, b, c ও d চারটি ক্রমিক সমানুপাতী রাশি।

[ডাঃ খালস্জীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম] প্রশ্ন নং ৩]

ক. $\frac{a}{b} = \frac{b}{c} = \frac{c}{d}$ হলে দেখাও যে, প্রতিটি অনুপাতের মান $= \frac{a+b+c}{b+c+d}$ ২

খ. প্রমাণ কর যে, $(b-c)^2 + (c-a)^2 + (b-d)^2 = (a-d)^2$ ৪

গ. যদি d ও c কে যথাক্রমে আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ বিবেচনা করা হয় তবে আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য 10% বৃদ্ধি এবং প্রস্থ 20% হ্রাস পেলে ক্ষেত্রটির ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি বা হ্রাস পাবে নির্ণয় কর। ৪

৪৬ নং প্রশ্নের সমাধান

ক. ধরি, $\frac{a}{b} = \frac{b}{c} = \frac{c}{d} = k$, [k একটি সমানুপাতিক প্রবন্ধক]

$\therefore \frac{c}{d} = k$

বা, $c = dk$

$\frac{b}{c} = k$

বা, $b = ck = dk \cdot k = dk^2$

এবং $\frac{a}{b} = k$

বা, $a = bk = dk^2 \cdot k = dk^3$

এখন, $\frac{a+b+c}{b+c+d} = \frac{dk^3 + dk^2 + dk}{dk^2 + dk + d}$

$= \frac{dk(k^2 + k + 1)}{d(k^2 + k + 1)}$

$= k$

$\therefore \frac{a}{b} = \frac{b}{c} = \frac{c}{d} = k = \frac{a+b+c}{b+c+d}$

\therefore প্রতিটি অনুপাতের মান $= \frac{a+b+c}{b+c+d}$ (দেখানো হলো)

খ. এখানে, $\frac{a}{b} = \frac{b}{c} = \frac{c}{d}$

$\therefore ad = bc$

এবং $ac = b^2, bd = c^2$

বামপক্ষ $= (b-c)^2 + (c-a)^2 + (b-d)^2$

$= b^2 - 2bc + c^2 + c^2 - 2ac + a^2 + b^2 - 2bd + d^2$

$= a^2 + 2b^2 + 2c^2 + d^2 - 2bc - 2ac - 2bd$

$= a^2 + 2b^2 + 2c^2 + d^2 - 2ad - 2b^2 - 2c^2$ [bc, ac ও bd এর মান বসিয়ে]

$= a^2 - 2ad + d^2$

$$= (a-d)^2$$

$$= \text{ডানপক্ষ}$$

$$\therefore (b-c)^2 + (c-a)^2 + (b-d)^2 = (a-d)^2 \text{ (প্রমাণিত)}$$

গ আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = d
প্রস্থ = c

\therefore ক্ষেত্রফল = dc বর্গ একক

এখন, আয়তক্ষেত্রের পরিবর্তিত দৈর্ঘ্য = d + d এর 10%

$$= d + d \times \frac{10}{100}$$

$$= \frac{11d}{10}$$

এবং পরিবর্তিত প্রস্থ = c - c এর 20%

$$= c - c \times \frac{20}{100}$$

$$= c - \frac{c}{5} = \frac{4c}{5}$$

$$\therefore \text{পরিবর্তিত ক্ষেত্রফল} = \frac{11d}{10} \times \frac{4c}{5}$$

$$= \frac{22dc}{25}$$

$$\therefore \text{ক্ষেত্রফল হ্রাস পায়} = dc - \frac{22dc}{25}$$

$$= \frac{25dc - 22dc}{25}$$

$$= \frac{3}{25} dc$$

$$\therefore \text{ক্ষেত্রফল শতকরা হ্রাস পায়} = \frac{\frac{3}{25} dc}{dc} \times 100$$

$$= \frac{3 \times 100}{25}$$

$$= 12\% \text{ (Ans.)}$$

প্রশ্ন 8৭ (i) $y^3 - 3py^2 + 3y - p = 0$

$$(ii) \frac{bz - cy}{a} = \frac{cx - az}{b} = \frac{ay - bx}{c}$$

[বাংলাদেশ নৌবাহিনী স্কুল ও কলেজ, চট্টগ্রাম ৷ প্রশ্ন নং ৩]

ক x, y, z ত্রিমিক সমানুপাতী হলে প্রমাণ কর যে, $\left(\frac{x+y}{y+z}\right)^2 = \frac{x}{z}$ ২

খ (i) থেকে দেখাও যে, $y = \frac{\sqrt[3]{p+1} + \sqrt[3]{p-1}}{\sqrt[3]{p+1} - \sqrt[3]{p-1}}$ ৪

গ (ii) নং থেকে প্রমাণ কর যে, $ax^{-1} = by^{-1} = cz^{-1}$. ৪

৪৭ নং প্রশ্নের সমাধান SSC গণিত মেইড ইজি

ক সৃজনশীল ১(ক) নং সমাধান দ্রষ্টব্য।

গ সৃজনশীল ৩৯(গ) নং সমাধান দ্রষ্টব্য।

গ মনে করি, $\frac{bz - cy}{a} = \frac{cx - az}{b} = \frac{ay - bx}{c} = k$

$$\therefore bz - cy = ak \dots \dots (i)$$

$$\therefore cx - az = bk \dots \dots (ii)$$

$$\therefore ay - bx = ck \dots \dots (iii)$$

এখন (i) নং, (ii) নং এবং (iii) নং সমীকরণকে যথাক্রমে a, b এবং c দ্বারা গুণ করে পাই,

$$abz - acy = a^2k$$

$$bcx - abz = b^2k$$

$$acy - cbx = c^2k$$

$$0 = k(a^2 + b^2 + c^2) \text{ [যোগ করে]}$$

$$\therefore k = 0 \quad [\because a, b, c \text{ ধ্রুবক হওয়ায় } a^2 + b^2 + c^2 \neq 0]$$

$$\text{তাহলে, } \frac{bz - cy}{a} = 0$$

$$\text{বা, } bz - cy = 0$$

$$\text{বা, } bz = cy$$

$$\therefore \frac{z}{c} = \frac{y}{b} \dots \dots (iv)$$

$$\therefore \frac{x}{a} = \frac{y}{b} = \frac{z}{c}$$

$$\text{বা, } \frac{a}{x} = \frac{b}{y} = \frac{c}{z}$$

$$\therefore ax^{-1} = by^{-1} = cz^{-1} \text{ (প্রমাণিত)}$$

$$\text{আবার, } \frac{cx - az}{b} = 0$$

$$\text{বা, } cx - az = 0$$

$$\text{বা, } cx = az$$

$$\therefore \frac{x}{a} = \frac{z}{c} \dots \dots (v)$$

প্রশ্ন 8৮ $m = \frac{1}{p} + \frac{1}{q}$ এবং $n = \frac{p^2 + q^2}{q^2 + r^2}$

[সেন্ট প-সিডিস হাই স্কুল, চট্টগ্রাম ৷ প্রশ্ন নং ২]

ক p, q ও r ত্রিমিক সমানুপাতী হলে, প্রমাণ কর যে, $n = \frac{p}{r}$ । ২

খ $m = \frac{6}{x}$ হলে, সমানুপাতের ধর্ম ব্যবহার করে, প্রমাণ কর যে,

$$\frac{x+3p}{x-3p} + \frac{x+3q}{x-3q} = 2, \text{ যেখানে } p \neq q। \quad 8$$

গ $n = \frac{(p+q)^2}{(q+r)^2}$ হলে, প্রমাণ কর যে, p, q ও r ত্রিমিক সমানুপাতী। ৪

৪৮ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

p, q, r ত্রিমিক সমানুপাতী অর্থাৎ

$$q^2 = pr \dots \dots (i)$$

এখন বামপক্ষ = n

$$= \frac{p^2 + q^2}{q^2 + r^2}$$

$$= \frac{p^2 + pr}{pr + r^2} = \frac{p(p+r)}{r(p+r)} = \frac{p}{r} = \text{ডানপক্ষ}।$$

$$\therefore n = \frac{p}{r} \text{ (প্রমাণিত)}$$

খ সৃজনশীল ৮(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ সৃজনশীল ১২(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন 8৯ (i) $A = \frac{1}{x} + \frac{1}{a} + \frac{1}{b}$ (ii) $\frac{a}{b} = \frac{b}{c} = \frac{c}{d}$

◀সমন্বিত অধ্যায় ৪, ৫ ও ১১

[জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট ৷ প্রশ্ন নং ২]

ক $\log_x 324 = 4$ হলে x এর মান নির্ণয় কর। ২

খ (i) নং এর সাহায্যে সমাধান কর: $A = \frac{1}{x+a+b}$ ৪

গ (ii) নং ব্যবহার করে প্রমাণ কর যে, $(a^2 + b^2 + c^2)(b^2 + c^2 + d^2) = (ab + bc + cd)^2$. ৪

৪৯ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $\log_x 324 = 4$

$$\text{বা, } x^4 = 324$$

$$\text{বা, } x^4 = 18^2$$

$$\text{বা, } x^4 = \{(3\sqrt{2})^2\}^2$$

$$\text{বা, } x^4 = (3\sqrt{2})^4$$

$$\therefore x = 3\sqrt{2} \text{ (Ans.)}$$

খ দেওয়া আছে, $A = \frac{1}{x} + \frac{1}{a} + \frac{1}{b}$

$$\text{আবার, } A = \frac{1}{x+a+b}$$

$$\text{বা, } \frac{1}{x} + \frac{1}{a} + \frac{1}{b} = \frac{1}{x+a+b}$$

$$\text{বা, } \frac{1}{a} + \frac{1}{b} = \frac{1}{x+a+b} - \frac{1}{x}$$

বা, $\frac{b+a}{ab} = \frac{x-(a+b+x)}{x(a+b+x)}$
 বা, $\frac{(a+b)}{ab} = \frac{-(a+b)}{ax+bx+x^2}$
 বা, $\frac{1}{ab} = \frac{-1}{ax+bx+x^2}$
 বা, $-ab = ax+bx+x^2$ [আড়গুণন করে]
 বা, $x^2+ax+bx+ab=0$
 বা, $x(x+a)+b(x+a)=0$
 $\therefore (x+a)(x+b)=0$
 হয়, $x+a=0$ অথবা, $x+b=0$
 $\therefore x=-a$ $\therefore x=-b$
 \therefore নির্ণেয় সমাধান সেট: $\{-a, -b\}$

গ পাঠ্যবইয়ের অনুশীলনী-১১.১ এর উদাহরণ-১১(খ) দ্রষ্টব্য। পৃষ্ঠা-২১৪

প্রশ্ন ৫০ $\frac{6}{x} = \frac{1}{p} + \frac{1}{q}$ এবং $\frac{a+b}{b+c} = \frac{c+d}{d+a}$

[সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সিলেট // প্রশ্ন নং ২]

- ক. x এর মান p ও q এর মাধ্যমে প্রকাশ কর। ২
 খ. $\frac{x+3p}{x-3p} + \frac{x+3q}{x-3q}$ এর মান নির্ণয় কর। ৪
 গ. দেখাও যে, $c=a$ অথবা $a+b+c+d=0$ । ৪

৫০ নং প্রশ্নের সমাধান

ক সৃজনশীল চ(ক) নং সমাধান দ্রষ্টব্য।

খ সৃজনশীল চ(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ পাঠ্যবইয়ের অনুশীলনী-১১.১ এর উদাহরণ-৮ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২১২

প্রশ্ন ৫১ $a = \sqrt{5+2\sqrt{6}}$ এবং $x^3 - 3px^2 + 3x - p = 0$

সমন্বিত অধ্যায় ৩, ৪ ও ১১

[বু-বার্ড স্কুল এন্ড কলেজ, সিলেট // প্রশ্ন নং ২]

- ক. $\log_x \frac{1}{16} = -2$ হলে x এর মান কত? ২
 খ. প্রমাণ কর যে, $a^5 + \frac{1}{a^5} = 178\sqrt{3}$ ৪
 গ. দেখাও যে, $x = \frac{(p+1)^{\frac{1}{3}} + (p-1)^{\frac{1}{3}}}{(p+1)^{\frac{1}{3}} - (p-1)^{\frac{1}{3}}}$ ৪

৫১ নং প্রশ্নের সমাধান

ক $\log_x \frac{1}{16} = -2$

বা, $x^{-2} = \frac{1}{16}$

বা, $\frac{1}{x^2} = \frac{1}{16}$

বা, $x^2 = 16$

$\therefore x = 4$ [$x > 0$]

খ দেওয়া আছে, $a = \sqrt{5+2\sqrt{6}}$

$= \sqrt{3+2\sqrt{3 \times 2}+2}$

$= \sqrt{(\sqrt{3})^2 + 2 \cdot \sqrt{3} \cdot \sqrt{2} + (\sqrt{2})^2}$

$= \sqrt{(\sqrt{3} + \sqrt{2})^2}$

$= \sqrt{3} + \sqrt{2}$

$\therefore a = \sqrt{3} + \sqrt{2}$

$\therefore \frac{1}{a} = \frac{1}{\sqrt{3} + \sqrt{2}} = \frac{\sqrt{3} - \sqrt{2}}{(\sqrt{3} + \sqrt{2})(\sqrt{3} - \sqrt{2})} = \sqrt{3} - \sqrt{2}$

$\therefore a + \frac{1}{a} = \sqrt{3} + \sqrt{2} + \sqrt{3} - \sqrt{2}$

বা, $a + \frac{1}{a} = 2\sqrt{3}$

বা, $\left(a + \frac{1}{a}\right)^2 = (2\sqrt{3})^2$ [বর্গ করে]

বা, $a^2 + \frac{1}{a^2} + 2 \cdot a \cdot \frac{1}{a} = 12$

বা, $a^2 + \frac{1}{a^2} + 2 = 12$

বা, $a^2 + \frac{1}{a^2} = 12 - 2$

$\therefore a^2 + \frac{1}{a^2} = 10$ (i)

আবার, $a + \frac{1}{a} = 2\sqrt{3}$

বা, $\left(a + \frac{1}{a}\right)^3 = (2\sqrt{3})^3$

বা, $a^3 + \frac{1}{a^3} + 3 \cdot a \cdot \frac{1}{a} \left(a + \frac{1}{a}\right) = 24\sqrt{3}$

বা, $a^3 + \frac{1}{a^3} + 3 \times 2\sqrt{3} = 24\sqrt{3}$

বা, $a^3 + \frac{1}{a^3} + 6\sqrt{3} = 24\sqrt{3}$

বা, $a^3 + \frac{1}{a^3} = 24\sqrt{3} - 6\sqrt{3}$

$\therefore a^3 + \frac{1}{a^3} = 18\sqrt{3}$ (ii)

(i) ও (ii) গুণ করে পাই,

$\left(a^2 + \frac{1}{a^2}\right) \left(a^3 + \frac{1}{a^3}\right) = 180\sqrt{3}$

বা, $a^5 + \frac{1}{a^5} + a + \frac{1}{a} = 180\sqrt{3}$

বা, $a^5 + \frac{1}{a^5} + 2\sqrt{3} = 180\sqrt{3}$

বা, $a^5 + \frac{1}{a^5} = 180\sqrt{3} - 2\sqrt{3}$

$\therefore a^5 + \frac{1}{a^5} = 178\sqrt{3}$ (প্রমাণিত)

গ সৃজনশীল ৩৯(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ৫২ দেওয়া আছে (i) $x^3 - 3mx^2 + 3x - m = 0$

(ii) কোন আয়তের দৈর্ঘ্য a একক, প্রস্থ b একক।

[সরকারি জুবিলী উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জ // প্রশ্ন নং ২]

ক. p, q, r সমানুপাতিক হলে দেখাও যে, $\frac{p}{r} = \frac{p^2+q^2}{q^2+r^2}$ ২

খ. দেখাও যে, $x = \frac{(m+1)^{\frac{1}{3}} + (m-1)^{\frac{1}{3}}}{(m+1)^{\frac{1}{3}} - (m-1)^{\frac{1}{3}}}$ ৪

গ. $a, 18\%$ বৃদ্ধি পেলে b স্থির থাকলে আয়তের শতকরা কী পরিবর্তন হবে? ৪

৫২ নং প্রশ্নের সমাধান

ক পাঠ্যবইয়ের অনুশীলনী-১১.১ এর উদাহরণ-১১(ক) দ্রষ্টব্য। পৃষ্ঠা- ২১৪

খ সৃজনশীল ৩৯(গ) নং সমাধান দ্রষ্টব্য।

গ দেওয়া আছে,

কোনো আয়তের দৈর্ঘ্য a একক এবং প্রস্থ b একক

\therefore আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = ab

$a, 18\%$ বৃদ্ধি পেলে পরিবর্তিত দৈর্ঘ্য = $a+a$ এর 18%

$= a + a \times \frac{18}{100}$

$= a + .18a$

$$= 1.18a$$

∴ পরিবর্তিত আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = 1.18 ab

∴ ক্ষেত্রফল বৃদ্ধি পায় (1.18 ab - ab) = 0.18 ab

∴ ক্ষেত্রফল শতকরা বৃদ্ধি পাবে = $\frac{0.18ab}{ab} \times 100\%$

$$= 18\% \text{ (Ans.)}$$

প্রশ্ন ৫৩ $m = 3bc^2 - 4ac + 3b$ এবং $n = \frac{x+3p}{x-3p} + \frac{x+3q}{x-3q}$

[বরিশাল জিলা স্কুল, বরিশাল // প্রশ্ন নং ২]

ক. $x \div y = 6 \div 5$ হলে $5x \div 6y =$ কত? ২

খ. $m = 0$ হলে দেখাও যে, $\frac{\sqrt{2a+3b} + \sqrt{2a-3b}}{\sqrt{2a+3b} - \sqrt{2a-3b}} = c$ । ৪

গ. $n = 2$ হলে x এর মান নির্ণয় কর। ৪

৫৩ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $x \div y = 6 \div 5$

বা, $\frac{x}{y} = \frac{6}{5}$

বা, $5x = 6y$

বা, $\frac{5x}{6y} = 1$

∴ $5x \div 6y = 1 \div 1 \text{ (Ans.)}$

খ দেওয়া আছে, $m = 0$

বা, $3bc^2 - 4ac + 3b = 0$

বা, $3b(c^2 + 1) = 4ac$

বা, $\frac{c^2 + 1}{2c} = \frac{2a}{3b}$

বা, $\frac{c^2 + 1 + 2c}{c^2 + 1 - 2c} = \frac{2a + 3b}{2a - 3b}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{(c+1)^2}{(c-1)^2} = \frac{2a+3b}{2a-3b}$

বা, $\left(\frac{c+1}{c-1}\right)^2 = \frac{2a+3b}{2a-3b}$

বা, $\frac{c+1}{c-1} = \sqrt{\frac{2a+3b}{2a-3b}}$

বা, $\frac{c+1}{c-1} = \frac{\sqrt{2a+3b}}{\sqrt{2a-3b}}$

বা, $\frac{c+1+c-1}{c+1-c+1} = \frac{\sqrt{2a+3b} + \sqrt{2a-3b}}{\sqrt{2a+3b} - \sqrt{2a-3b}}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{2c}{2} = \frac{\sqrt{2a+3b} + \sqrt{2a-3b}}{\sqrt{2a+3b} - \sqrt{2a-3b}}$

∴ $c = \frac{\sqrt{2a+3b} + \sqrt{2a-3b}}{\sqrt{2a+3b} - \sqrt{2a-3b}}$ (দেখানো হলো)

গ দেওয়া আছে, $n = 2$

বা, $\frac{x+3p}{x-3p} + \frac{x+3q}{x-3q} = 1 + 1$

বা, $\frac{x+3p}{x-3p} - 1 = 1 - \frac{x+3q}{x-3q}$

বা, $\frac{x+3p-x+3p}{x-3p} = \frac{x-3q-x-3q}{x-3q}$

বা, $\frac{6p}{x-3p} = \frac{-6q}{x-3q}$

বা, $\frac{p}{x-3p} = \frac{-q}{x-3q}$

বা, $\frac{x-3p}{p} = \frac{x-3q}{-q}$

বা, $\frac{x}{p} - 3 = -\frac{x}{q} + 3$

বা, $\frac{x}{p} + \frac{x}{q} = 6$

বা, $x\left(\frac{1}{p} + \frac{1}{q}\right) = 6$

বা, $x \times \frac{p+q}{pq} = 6$

∴ $x = \frac{6pq}{p+q} \text{ (Ans.)}$

প্রশ্ন ৫৪ i) $\frac{a}{x} + \frac{a}{y} = 10$ এবং ii) $x = 3 + 2\sqrt{2}$

◀সমন্বিত অধ্যায় ২, ৩ ও ১১

[বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বরিশাল // প্রশ্ন নং ২]

ক. $f(x+3) = \frac{4x+1}{4x-1}$ হলে, $f(2)$ নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, $\frac{a+5x}{a-5x} + \frac{a+5y}{a-5y} = 2$ ৪

গ. $\frac{x^6-1}{x^3} \div \left\{ (\sqrt{x})^3 - \frac{1}{(\sqrt{x})^3} \right\}$ নির্ণয় কর। ৪

৫৪ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

$f(x+3) = \frac{4x+1}{4x-1}$

ধরি, $x+3 = y$

∴ $x = y - 3$

∴ $f(y) = \frac{4(y-3)+1}{4(y-3)-1}$

$= \frac{4y-12+1}{4y-12-1} = \frac{4y-11}{4y-13}$

∴ $f(2) = \frac{4 \cdot 2 - 11}{4 \cdot 2 - 13} = \frac{8-11}{8-13} = \frac{-3}{-5} = \frac{3}{5} \text{ (Ans.)}$

খ পাঠ্যবইয়ের অধ্যায়- ১১.১ এর উদাহরণ ১১(গ) অনুরূপ। পৃষ্ঠা-২১৪

গ দেওয়া আছে, $x = 3 + 2\sqrt{2}$

বা, $x = 2 + 2\sqrt{2} + 1$

বা, $x = (\sqrt{2})^2 + 2 \cdot 1 \cdot \sqrt{2} + 1^2$

বা, $x = (\sqrt{2} + 1)^2$

∴ $\sqrt{x} = \sqrt{2} + 1$ [বর্গমূল করে]

∴ $\frac{1}{\sqrt{x}} = \frac{1}{\sqrt{2} + 1}$

$= \frac{\sqrt{2}-1}{(\sqrt{2}+1)(\sqrt{2}-1)}$

$= \frac{\sqrt{2}-1}{(\sqrt{2})^2 - 1^2}$

$= \frac{\sqrt{2}-1}{2-1}$

$= \sqrt{2}-1$

∴ $\sqrt{x} - \frac{1}{\sqrt{x}} = (\sqrt{2}+1) - (\sqrt{2}-1)$

$= \sqrt{2}+1 - \sqrt{2}+1$

$= 2$

এখন, $(\sqrt{x})^3 - \left(\frac{1}{\sqrt{x}}\right)^3 = \left(\sqrt{x} - \frac{1}{\sqrt{x}}\right)^3 + 3 \cdot \sqrt{x} \cdot \frac{1}{\sqrt{x}} \left(\sqrt{x} - \frac{1}{\sqrt{x}}\right)$

$= 2^3 + 3 \cdot 2 = 8 + 6 = 14$

$\frac{1}{x} = \frac{1}{3+2\sqrt{2}}$

$$\begin{aligned}
&= \frac{1}{3+2\sqrt{2}} \times \frac{3-2\sqrt{2}}{3-2\sqrt{2}} \\
&= \frac{3-2\sqrt{2}}{3^2-(2\sqrt{2})^2} \\
&= \frac{3-2\sqrt{2}}{9-8} \\
&= 3-2\sqrt{2} \\
\therefore x - \frac{1}{x} &= 3+2\sqrt{2} - 3+2\sqrt{2} \\
&= 4\sqrt{2} \\
\therefore \frac{x^6-1}{x^3} &= x^3 - \frac{1}{x^3} \\
&= \left(x - \frac{1}{x}\right)^3 + 3x \cdot \frac{1}{x} \cdot \left(x - \frac{1}{x}\right) \\
&= (4\sqrt{2})^3 + 3 \cdot 4\sqrt{2} \\
&= 128\sqrt{2} + 12\sqrt{2} \\
&= 140\sqrt{2} \\
\therefore \frac{x^6-1}{x^3} &\div \left(\sqrt{x}^3 - \frac{1}{\sqrt{x}^3}\right) \\
&= 140\sqrt{2} \div 14 \\
&= 10\sqrt{2} \text{ (Ans.)}
\end{aligned}$$

প্রশ্ন ▶ ৫৫ $p^2 - \frac{2p}{x} + 1 = 0$ এবং $\frac{a^2+b^2}{b^2+c^2} = \frac{(a+b)^2}{(b+c)^2}$ হলে,

[পিরোজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, পিরোজপুর] μ প্রশ্ন নং ২।
ক. দুইটি সংখ্যার অনুপাত 5 : 4 এবং এদের ল.সা.গু. 180। সংখ্যা নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, $p = \frac{\sqrt{1+x} + \sqrt{1-x}}{\sqrt{1+x} - \sqrt{1-x}}$ 8

গ. দেখাও যে, a, b, c ত্রিমিক সমানুপাতী। 8

৫৫ নং প্রশ্নের সমাধান

ক বরি, সংখ্যা দুইটি $5x$ এবং $4x$
 \therefore এদের ল.সা.গু. = $20x$
প্রশ্নমতে, $20x = 180$
 $\therefore x = 9$
 \therefore সংখ্যা দুইটি হবে (5×9) বা 45 এবং (4×9) বা, 36 (Ans.)

খ সূজনশীল ১(গ) নং সমাধান দ্রষ্টব্য।

গ সূজনশীল ১২(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ৫৬ (i) $m^3 - 3m^2n + 3m - n = 0$ (ii) $p = 30$ এবং $Q = 20$

[বালকাঠি সরকারি উচ্চ বিদ্যালয়, বালকাঠি] μ প্রশ্ন নং ৩।
ক. $5 + 8 + 11 + 14 + 17 + 20 + \dots$ ধারাটির কোন পদ 398? ২

খ. প্রমাণ কর যে, $m = \frac{(n+1)^{\frac{1}{3}} + (n-1)^{\frac{1}{3}}}{(n+1)^{\frac{1}{3}} - (n-1)^{\frac{1}{3}}}$ 8

গ. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য P% বৃদ্ধি এবং প্রস্থ Q% হ্রাস পেলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি বা হ্রাস পাবে? 8

৫৬ নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত ধারাটির সাধারণ অঙ্ক, $d = (8 - 5) = (11 - 8) = 3$
প্রথম পদ, $a = 5$

\therefore ধারাটি সমাঙ্ক ধারা।

ধরি, ধারাটির n তম পদ = 398

$\therefore a + (n-1)d = 398$

বা, $5 + (n-1)3 = 398$

বা, $n - 1 = \frac{398 - 5}{3}$

বা, $n - 1 = 131$

$\therefore n = 132$

\therefore ধারাটির 132 তম পদ = 398 (Ans.)

খ দেওয়া আছে, $m^3 - 3nm^2 + 3m - n = 0$

বা, $m^3 + 3m = n + 3nm^2$

বা, $m^3 + 3m = n(1 + 3m^2)$

বা, $\frac{m^3 + 3m}{1 + 3m^2} = n$

বা, $\frac{m^3 + 3m + 3m^2 + 1}{m^3 + 3m - 3m^2 - 1} = \frac{n+1}{n-1}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{(m+1)^3}{(m-1)^3} = \frac{n+1}{n-1}$

বা, $\frac{m+1}{m-1} = \sqrt[3]{\frac{n+1}{n-1}}$ [ঘনমূল করে]

বা, $\frac{m+1+m-1}{m+1-m+1} = \frac{\sqrt[3]{n+1} + \sqrt[3]{n-1}}{\sqrt[3]{n+1} - \sqrt[3]{n-1}}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{2m}{2} = \frac{\sqrt[3]{n+1} + \sqrt[3]{n-1}}{\sqrt[3]{n+1} - \sqrt[3]{n-1}}$

$\therefore m = \frac{\sqrt[3]{n+1} + \sqrt[3]{n-1}}{\sqrt[3]{n+1} - \sqrt[3]{n-1}}$

$\therefore m = \frac{(n+1)^{\frac{1}{3}} + (n-1)^{\frac{1}{3}}}{(n+1)^{\frac{1}{3}} - (n-1)^{\frac{1}{3}}}$ (প্রমাণিত)

গ ধরি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = x

এবং প্রস্থ = y

\therefore ক্ষেত্রফল = xy বর্গ একক

দেওয়া আছে, $P = 30$, $Q = 20$

P% বা 30% বৃদ্ধিতে পরিবর্তিত দৈর্ঘ্য = $\left(x + \frac{30x}{100}\right)$ একক

$= \frac{130x}{100}$

$= \frac{13x}{10}$ একক

Q% বা, 20% হ্রাসে পরিবর্তিত প্রস্থ = $\left(y - \frac{20y}{100}\right)$ একক

$= \frac{80y}{100}$ একক

$= \frac{8y}{10}$ একক

\therefore পরিবর্তিত ক্ষেত্রফল = $\frac{13x}{10} \times \frac{8y}{10}$

$= \frac{104xy}{100}$

\therefore ক্ষেত্রফল শতকরা বৃদ্ধি পায় = $\frac{\frac{104xy}{100} - xy}{xy} \times 100\%$

$= \frac{xy(104 - 100)}{xy \times 100} \times 100\%$

$= 4\%$ (Ans.)

প্রশ্ন ৫৭ a, b, c, d ক্রমিক সমানুপাতী এবং $y = \frac{14pq}{p+q}$

[রায়ের বাজার উচ্চ বিদ্যালয়, ঢাকা ৷ প্রশ্ন নং ২]

- ক. প্রমাণ কর যে, $\frac{a}{c} = \frac{a^2 + b^2}{b^2 + c^2}$ ২
- খ. প্রমাণ কর যে, $(a^2 + b^2 + c^2)(b^2 + c^2 + d^2) = (ab + bc + cd)^2$ ৪
- গ. $\frac{y+7p}{y-7p} + \frac{y+7q}{y-7q}$ এর মান নির্ণয় কর; $p \neq q$ ৪

৫৭ নং প্রশ্নের সমাধান

ক. পাঠ্যবইয়ের অনুশীলনী-১১.১ এর উদাহরণ-১১(ক) দ্রষ্টব্য। পৃষ্ঠা-২১৪

খ. পাঠ্যবইয়ের অনুশীলনী-১১.১ এর উদাহরণ-১১(খ) দ্রষ্টব্য। পৃষ্ঠা-২১৪

গ. সৃজনশীল প্রশ্ন-২(গ) নং সমাধান দ্রষ্টব্য।

[m ও n এর স্থলে যথাক্রমে p ও q ধরতে হবে]

প্রশ্ন ৫৮ $m^2 - \frac{2m}{x} + 1 = 0$ এবং একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য a মিটার ও প্রস্থ b মিটার। [রাজেশ্বরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, গাজীপুর ৷ প্রশ্ন নং ২]

- ক. $\frac{a^3 + b^3}{a - b + c} = a(a + b)$ হলে, প্রমাণ কর যে, a, b, c ক্রমিক সমানুপাতী। ২
- খ. উদ্দীপকের সমীকরণের সাহায্যে প্রমাণ কর যে, $\frac{\sqrt{1+x} - \sqrt{1-x}}{\sqrt{1+x} + \sqrt{1-x}} = m^{-1}$ ৪
- গ. আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 15% বৃদ্ধি ও প্রস্থ 10% হ্রাস পেলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি বা হ্রাস পাবে? ৪

৫৮ নং প্রশ্নের সমাধান

ক. পাঠ্যবইয়ের অনুশীলনী-১১.১ এর উদাহরণ-৭ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২১২

খ. সৃজনশীল ১(গ) নং সমাধান দ্রষ্টব্য।

অতঃপর $\frac{1}{m} = \frac{\sqrt{1+x} - \sqrt{1-x}}{\sqrt{1+x} + \sqrt{1-x}}$

$\therefore m^{-1} = \frac{\sqrt{1+x} - \sqrt{1-x}}{\sqrt{1+x} + \sqrt{1-x}}$ (প্রমাণিত)

গ. ধরি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = x একক এবং প্রস্থ = y একক

\therefore আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = xy বর্গএকক

দৈর্ঘ্য 15% বৃদ্ধি পেলে নতুন দৈর্ঘ্য = $(x + \frac{15}{100}x)$
= 1.15x একক

প্রস্থ 10% হ্রাস পেলে নতুন প্রস্থ = $(y - \frac{10}{100}y)$
= 0.9y একক

\therefore নতুন আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = 1.15x × 0.9y
= 1.035xy বর্গএকক

\therefore আয়তক্ষেত্রের ক্ষেত্রফল শতকরা বৃদ্ধি পায় = $\frac{1.035xy - xy}{xy} \times 100\%$
= $\frac{0.035xy}{xy} \times 100\%$
= 0.035 × 100%
= 3.5% (Ans.)

প্রশ্ন ৫৯ $\frac{1}{p} + \frac{1}{q} = \frac{10}{x}$; $P^2 + 1 = \frac{2P}{x}$ এবং $M = x - a$, $N = x - b$, $R = x - 3a - 3b$ যেখানে x চলক এবং a, b ∈ R

◀সমন্বিত অধ্যায় ৫ ও ১১

[রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়, রাজবাড়ী ৷ প্রশ্ন নং ১]

ক. দেখাও যে, $x = \frac{10pq}{p+q}$ ২

খ. দেখাও যে, $\frac{\sqrt{1+x} + \sqrt{1-x}}{\sqrt{1+x} - \sqrt{1-x}} = P$ ৪

গ. $\frac{M}{b} + \frac{N}{a} + \frac{R}{a+b} = 0$ হলে প্রমাণ কর যে, $x = a + b$ ৪

৫৯ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $\frac{1}{p} + \frac{1}{q} = \frac{10}{x}$

বা, $\frac{q+p}{pq} = \frac{10}{x}$

$\therefore x = \frac{10pq}{p+q}$ (দেখানো হলো)

খ. সৃজনশীল ১(গ) নং সমাধান দ্রষ্টব্য।

গ. দেওয়া আছে, $M = x - a$, $N = x - b$, $R = x - 3a - 3b$

এবং $\frac{M}{b} + \frac{N}{a} + \frac{R}{a+b} = 0$

বা, $\frac{x-a}{b} + \frac{x-b}{a} + \frac{x-3a-3b}{a+b} = 0$

বা, $(\frac{x-a}{b} - 1) + (\frac{x-b}{a} - 1) + (\frac{x-3a-3b}{a+b} + 2) = 0$

বা, $\frac{x-a-b}{b} + \frac{x-b-a}{a} + \frac{x-3a-3b+2a+2b}{a+b} = 0$

বা, $\frac{x-a-b}{b} + \frac{x-a-b}{a} + \frac{x-a-b}{a+b} = 0$

বা, $(x-a-b)(\frac{1}{b} + \frac{1}{a} + \frac{1}{a+b}) = 0$

বা, $x - a - b = 0$

$[x \in \mathbb{R}, a, b \in \mathbb{Z}, \frac{1}{b} + \frac{1}{a} + \frac{1}{a+b} \neq 0]$

$\therefore x = a + b$ (সমাধান)

প্রশ্ন ৬০ $\frac{bz - cy}{a} = \frac{cx - az}{b} = \frac{ay - bx}{c}$ এবং $p^2 - \frac{2p}{x} + 1 = 0$

[কিশোরগঞ্জ সরকারি বালক উচ্চ বিদ্যালয়, কিশোরগঞ্জ ৷ প্রশ্ন নং ৩]

ক. $a \div b = b \div c$ হলে দেখাও যে, $(\frac{a+b}{b+c})^2 = \frac{a}{c}$ ২

খ. দেখাও যে, $\frac{x}{a} = \frac{y}{b} = \frac{z}{c}$ ৪

গ. প্রমাণ কর যে, $p = \frac{\sqrt{1+x} + \sqrt{1-x}}{\sqrt{1+x} - \sqrt{1-x}}$ ৪

৬০ নং প্রশ্নের সমাধান

ক. সৃজনশীল ১(ক) নং সমাধান দ্রষ্টব্য।

খ. সৃজনশীল ৪৭(গ) নং সমাধান দ্রষ্টব্য।

গ. সৃজনশীল ১(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ৬১ (i) $8x^{-1} = a^{-1} + b^{-1}$ (ii) $x^3 - 3px^2 + 3x - p = 0$

◀সমন্বিত অধ্যায় ৪ ও ১১

[মসজিদ মিশন একাডেমী (স্কুল এন্ড কলেজ), রাজশাহী ৷ প্রশ্ন নং ৩]

ক. $y = \log_{\sqrt{5}} 8000$ হলে, y এর মান কত? ২

খ. (i) এর সাহায্যে দেখাও যে, $\frac{x+4a}{x-4a} + \frac{x+4b}{x-4b} = 2$ ৪

গ. (ii) এর সাহায্যে প্রমাণ কর যে, $x = \frac{\sqrt[3]{p+1} + \sqrt[3]{p-1}}{\sqrt[3]{p+1} - \sqrt[3]{p-1}}$ ৪

৬১ নং প্রশ্নের সমাধান

ক. সৃজনশীল ১৯(ক) নং সমাধান দ্রষ্টব্য।

৬. $8x^{-1} = a^{-1} + b^{-1}$

বা, $\frac{8}{x} = \frac{1}{a} + \frac{1}{b}$

বা, $\frac{8}{x} = \frac{b+a}{ab}$

বা, $x = \frac{8ab}{a+b} \dots \dots \dots (i)$

অতঃপর, সৃজনশীল ২৫(গ) নং সমাধান দ্রষ্টব্য।

গ. সৃজনশীল ৫৬(খ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ৬২ $\frac{x+y-z}{x+y} = \frac{y+z-x}{y+z} = \frac{z+x-y}{z+x}$

এবং $x^3 - 3ax^2 + 3x - a = 0$

[শিবগঞ্জ সরকারি মডেল হাই স্কুল, টাঙ্গাইনবাবগঞ্জ // প্রশ্ন নং ২]

ক. $\frac{a^3 + b^3}{a - b + c} = a(a + b)$ হলে দেখাও যে, a, b, c ক্রমিক সমানুপাতী। ২

খ. $x \neq y \neq z$ হলে দেখাও যে, প্রতিটি অনুপাতের মান $\frac{1}{2}$ অথবা -1 8

গ. দেখাও যে, $x = \frac{\sqrt[3]{a+1} + \sqrt[3]{a-1}}{\sqrt[3]{a+1} - \sqrt[3]{a-1}}$ 8

৬২ নং প্রশ্নের সমাধান

ক. পাঠ্যবইয়ের অনুশীলনী-১১.১ এর উদাহরণ ৭ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২১২

খ. দেওয়া আছে,

$\frac{x+y-z}{x+y} = \frac{y+z-x}{y+z} = \frac{z+x-y}{z+x}$ এবং $x \neq y \neq z$

বা, $\frac{x+y-z-x-y}{x+y} = \frac{y+z-x-y-z}{y+z} = \frac{z+x-y-z-x}{z+x}$

[বিয়োজন করে]

বা, $\frac{-z}{x+y} = \frac{-x}{y+z} = \frac{-y}{z+x}$

বা, $\frac{x}{y+z} = \frac{y}{z+x} = \frac{z}{x+y}$

অতঃপর পাঠ্যবইয়ের অনুশীলনী-১১.১ এর উদাহরণ-৯ দ্রষ্টব্য।

পৃষ্ঠা- ২১৩

গ. সৃজনশীল ৫৬(খ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ৬৩ $A = \frac{1}{x+a+b}$, $B = \frac{1}{x} + \frac{a+b}{ab}$ এবং $C = 8y^{-1} - (a^{-1} + b^{-1})$

◀ সমন্বিত অধ্যায় ৪, ৫ ও ১১

[নবাবগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইনবাবগঞ্জ // প্রশ্ন নং ২]

ক. $\frac{1}{\sqrt{12}} \times \sqrt[3]{54}$ এর সরলমান নির্ণয় কর। ২

খ. $A = B$ এর সমাধান সেট নির্ণয় কর। 8

গ. $\frac{y+4a}{y-4a} + \frac{y+4b}{y-4b} = 2$ হলে দেখাও যে, $C = 0$ 8

৬৩ নং প্রশ্নের সমাধান

ক. $\frac{1}{\sqrt{12}} \times \sqrt[3]{54}$

$= (12)^{\frac{1}{2}} \times \sqrt[3]{54}$

অতঃপর পাঠ্যবইয়ের অনুশীলনী-৪.১ এর উদাহরণ ৪(ক) দ্রষ্টব্য।

পৃষ্ঠা-৭৯

খ. $A = B$ হলে, $\frac{1}{x+a+b} = \frac{1}{x} + \frac{a+b}{ab}$

বা, $\frac{1}{x+a+b} = \frac{1}{x} + \frac{a}{ab} + \frac{b}{ab}$

বা, $\frac{1}{x+a+b} = \frac{1}{x} + \frac{1}{a} + \frac{1}{b}$

বা, $\frac{1}{a} + \frac{1}{b} = \frac{1}{x+a+b} - \frac{1}{x}$

বা, $\frac{b+a}{ab} = \frac{x-(a+b+x)}{x(a+b+x)}$

বা, $\frac{(a+b)}{ab} = \frac{-(a+b)}{ax+bx+x^2}$

বা, $\frac{1}{ab} = \frac{-1}{ax+bx+x^2}$

বা, $-ab = ax+bx+x^2$ [আড়গুণন করে]

বা, $x^2 + ax + bx + ab = 0$

বা, $x(x+a) + b(x+a) = 0$

$\therefore (x+a)(x+b) = 0$

হয়, $x+a=0$ অথবা, $x+b=0$

$\therefore x=-a$ $\therefore x=-b$

\therefore নির্ণেয় সমাধান সেট: $\{-a, -b\}$

গ. দেওয়া আছে,

$\frac{y+4a}{y-4a} + \frac{y+4b}{y-4b} = 2$

বা, $\frac{(y+4a)(y-4b) + (y+4b)(y-4a)}{(y-4a)(y-4b)} = 2$

বা, $\frac{y^2 + 4ay - 4by - 16ab + y^2 + 4by - 4ay - 16ab}{y^2 - 4ay - 4by + 16ab} = 2$

বা, $\frac{2y^2 - 32ab}{y^2 - 4ay - 4by + 16ab} = 2$

বা, $2y^2 - 32ab = 2y^2 - 8ay - 8by + 32ab$

বা, $8ay + 8by = 64ab$

বা, $y(a+b) = 8ab$

বা, $y = \frac{8ab}{a+b}$

দেওয়া আছে, $C = 8y^{-1} - (a^{-1} + b^{-1})$

এখন, y এর মান C তে বসিয়ে পাই,

$C = 8 \left(\frac{8ab}{a+b} \right)^{-1} - (a^{-1} + b^{-1})$

$= 8 \left(\frac{a+b}{8ab} \right) - \left(\frac{1}{a} + \frac{1}{b} \right)$

$= \frac{a+b}{ab} - \frac{a+b}{ab} = 0$

$\therefore C = 0$ (দেখানো হলো)

প্রশ্ন ৬৪ $\frac{\sqrt{a+1} + \sqrt{1-1}}{\sqrt{a+1} - \sqrt{a-1}} = m$, $p = \frac{x^2 + y^2}{y^2 + z^2}$

[পাঁচবিবি এন. এম. সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, জয়পুরহাট // প্রশ্ন নং ২]

ক. $a = 2$ হলে, m এর মান নির্ণয় কর। ২

খ. দেখাও যে, $m^2 - 2am + 1 = 0$ 8

গ. $p = \frac{(x+y)^2}{(y+z)^2}$ হলে, প্রমাণ কর যে, x, y, z ক্রমিক সমানুপাতী। 8

৬৪ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, $a = 2$

$\therefore m = \frac{\sqrt{a+1} + \sqrt{a-1}}{\sqrt{a+1} - \sqrt{a-1}} = m$

$= \frac{\sqrt{2+1} + \sqrt{2-1}}{\sqrt{2+1} - \sqrt{2-1}}$

$= \frac{\sqrt{3} + 1}{\sqrt{3} - 1}$

$$\begin{aligned}
&= \frac{(\sqrt{3}+1)^2}{(\sqrt{3}-1)(\sqrt{3}+1)} \\
&= \frac{(\sqrt{3}+1)^2}{3-1} \\
&= \frac{1}{2}(\sqrt{3}+1)^2 \\
&= \frac{1}{2}(3+1+2\sqrt{3}) \\
&= \frac{1}{2}(4+2\sqrt{3}) \\
&= \frac{1}{2} \times 2(2+\sqrt{3}) \\
&= 2+\sqrt{3} \text{ (Ans.)}
\end{aligned}$$

☛ দেওয়া আছে,

$$\frac{\sqrt{a+1}+\sqrt{a-1}}{\sqrt{a+1}-\sqrt{a-1}}=m$$

বা, $\frac{\sqrt{a+1}+\sqrt{a-1}+\sqrt{a+1}-\sqrt{a-1}}{\sqrt{a+1}+\sqrt{a-1}-\sqrt{a+1}+\sqrt{a-1}}=\frac{m+1}{m-1}$ [যোজন-বিয়োজন]

বা, $\frac{2\sqrt{a+1}}{2\sqrt{a-1}}=\frac{m+1}{m-1}$

বা, $\frac{\sqrt{a+1}}{\sqrt{a-1}}=\frac{m+1}{m-1}$

বা, $\frac{a+1}{a-1}=\frac{(m+1)^2}{(m-1)^2}$ [বর্গ করে]

বা, $\frac{a+1}{a-1}=\frac{m^2+2m+1}{m^2-2m+1}$

বা, $\frac{a+1+a-1}{a+1-a+1}=\frac{m^2+2m+1+m^2-2m+1}{m^2+2m+1-m^2+2m-1}$ [যোজন-বিয়োজন]

বা, $\frac{2a}{2}=\frac{2(m^2+1)}{2 \cdot 2m}$

বা, $a=\frac{m^2+1}{2m}$

বা, $m^2+1=2am$

$\therefore m^2-2am+1=0$ (দেখানো হলো)

☛ সৃজনশীল ১২(গ) নং সমাধানের অনুরূপ।

প্রশ্ন ▶ ৬৫ $\frac{10}{x}=\frac{1}{a}+\frac{1}{b}$ এবং $m^2-\frac{2m}{y}+1=0$

[এস ও এস হারম্যান মেইনার কলেজ, বগুড়া // প্রশ্ন নং ২]

ক. x এর মান a ও b মাধ্যমে প্রকাশ কর। ২

খ. প্রমাণ কর যে, $\frac{x+5a}{x-5a}+\frac{x+5b}{x-5b}=2$ ৪

গ. দেখাও যে, $m=\frac{\sqrt{1+y}+\sqrt{1-y}}{\sqrt{1+y}-\sqrt{1-y}}$ ৪

৬৫ নং প্রশ্নের সমাধান

☛ সৃজনশীল ৯(ক) নং সমাধান দ্রষ্টব্য।

☛ পাঠ্যবইয়ের অনুশীলনী-১১.১ এর উদাহরণ-১১(গ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-২১৪

☛ সৃজনশীল ১(গ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ▶ ৬৬ a, b, c ক্রমিক সমানুপাতী এবং $p=\frac{\sqrt{1+x}+\sqrt{1-x}}{\sqrt{1+x}-\sqrt{1-x}}$

[পুলিশ লাইনস্ উচ্চ বিদ্যালয়, দিনাজপুর // প্রশ্ন নং ২]

ক. 5.4 : 3.6 কে a : 1 এবং 1 : b আকারে প্রকাশ কর। ২

খ. $\frac{a^2+b^2}{b^2+c^2}=\frac{(a+b)^2}{(b+c)^2}$ হলে উদ্দীপকের প্রথম শর্তটির সত্যতা যাচাই কর। ৪

গ. প্রমাণ কর যে, $p^2-\frac{2p}{x}+1=0$

66 bs cEGk'i mgvavb

☛ 5.4 : 3.6

$$=\frac{5.4}{3.6}:\frac{3.6}{3.6}$$

$$=\frac{3}{2}:1 \text{ যা } a:1 \text{ আকারের অনুপাত}$$

আবার, 5.4 : 3.6

$$=\frac{5.4}{5.4}:\frac{3.6}{5.4}$$

$$=1:\frac{2}{3} \text{ যা } 1:b \text{ আকারের অনুপাত}$$

☛ দেওয়া আছে,

$$\frac{a^2+b^2}{b^2+c^2}=\frac{(a+b)^2}{(b+c)^2}$$

বা, $\frac{(b+c)^2}{b^2+c^2}=\frac{(a+b)^2}{a^2+b^2}$ [একান্তরকরণ করে]

বা, $\frac{b^2+c^2+2bc}{b^2+c^2}=\frac{a^2+b^2+2ab}{a^2+b^2}$

বা, $\frac{b^2+c^2+2bc-b^2-c^2}{b^2+c^2}=\frac{a^2+b^2+2ab-a^2-b^2}{a^2+b^2}$ [বিয়োজন করে]

বা, $\frac{2bc}{b^2+c^2}=\frac{2ab}{a^2+b^2}$

বা, $\frac{c}{b^2+c^2}=\frac{a}{a^2+b^2}$ [উভয় পক্ষকে 2b দ্বারা ভাগ করে]

বা, $ab^2+ac^2=a^2c+b^2c$

বা, $ac^2-a^2c=b^2c-ab^2$

বা, $ac(c-a)=b^2(c-a)$

বা, $ac=b^2$ [উভয়পক্ষকে (c-a) দ্বারা ভাগ করে]

বা, $\frac{a}{b}=\frac{b}{c}$

বা, a : b = b : c

$\therefore a, b, c$ ক্রমিক সমানুপাতী। (প্রমাণিত)

☛ পাঠ্যবইয়ের অনুশীলনী-১১.১ এর উদাহরণ-৬ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২১১

প্রশ্ন ▶ ৬৭ $f(p)=1+2p$

◀ সমন্বিত অধ্যায় ৫ ও ১১

[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, লালমনিরহাট // প্রশ্ন নং ২]

ক. দ্বিভাজিত ও দ্বিগানুপাত অনুপাত কাকে বলে? ব্যাখ্যা কর। ২

খ. $2m^3x+6mx-9m^2-3=0$ হলে, দেখাও যে,

$$m=\frac{\sqrt[3]{3+2x}+\sqrt[3]{3-2x}}{\sqrt[3]{3+2x}-\sqrt[3]{3-2x}}$$
 ৪

গ. $81\left\{\frac{f(p)}{f(-p)}\right\}^3=16\left\{\frac{f(-p)}{f(p)}\right\}$ এর সমাধান কর। ৪

৬৭ নং প্রশ্নের সমাধান

☛ দ্বিভাজিত অনুপাত: কোন অনুপাতের পূর্ব ও উত্তর রাশির বর্গমূলের অনুপাতকে দ্বিভাজিত অনুপাত বলে। যেমন: $\sqrt{a}:\sqrt{b}$ হলো a : b এর দ্বিভাজিত অনুপাত।

☛ দ্বিগানুপাত: কোন অনুপাতের পূর্ব ও উত্তর রাশির বর্গের অনুপাতকে তার দ্বিগানুপাত বলে। যেমন: a : b এর দ্বিগানুপাত $a^2 : b^2$ ।

☛ $2m^3x+6mx-9m^2-3=0$

বা, $2m^3x+6mx=9m^2+3$

বা, $2x(m^3+3m)=3(3m^2+1)$

বা, $\frac{m^3 + 3m}{3m^2 + 1} = \frac{3}{2x}$
 বা, $\frac{m^3 + 3m + 3m^2 + 1}{m^3 + 3m - 3m^2 - 1} = \frac{3 + 2x}{3 - 2x}$ [যোজন-বিয়োজন করে]
 বা, $\frac{(m+1)^3}{(m-1)^3} = \frac{3+2x}{3-2x}$
 বা, $\frac{m+1}{m-1} = \frac{\sqrt[3]{3+2x}}{\sqrt[3]{3-2x}}$ [∴ ঘনমূল করে]
 বা, $\frac{m+1+m-1}{m+1-m+1} = \frac{\sqrt[3]{3+2x} + \sqrt[3]{3-2x}}{\sqrt[3]{3+2x} - \sqrt[3]{3-2x}}$
 বা, $\frac{2m}{2} = \frac{\sqrt[3]{3+2x} + \sqrt[3]{3-2x}}{\sqrt[3]{3+2x} - \sqrt[3]{3-2x}}$
 ∴ $m = \frac{\sqrt[3]{3+2x} + \sqrt[3]{3-2x}}{\sqrt[3]{3+2x} - \sqrt[3]{3-2x}}$ (দেখানো হলো)

গ দেওয়া আছে, $81 \left\{ \frac{f(p)}{f(-p)} \right\}^3 = 16 \left\{ \frac{f(-p)}{f(p)} \right\}$

বা, $81 \left(\frac{1+2p}{1-2p} \right)^3 = 16 \left(\frac{1-2p}{1+2p} \right)$

বা, $\left(\frac{1+2p}{1-2p} \right)^3 \cdot \left(\frac{1+2p}{1-2p} \right) = \frac{16}{81}$

বা, $\left\{ \left(\frac{1+2p}{1-2p} \right)^2 \right\}^2 = \left(\frac{4}{9} \right)^2$

বা, $\left(\frac{1+2p}{1-2p} \right)^2 = \pm \frac{4}{9}$ [বর্গমূল করে]

বা, $\left(\frac{1+2p}{1-2p} \right)^2 = \frac{4}{9} \left[\square \left(\frac{1+2p}{1-2p} \right)^2 \neq -9 \right]$

∴ $\frac{1+2p}{1-2p} = \pm \frac{2}{3}$ [পুনরায় বর্গমূল]

হয়, $\frac{1+2p}{1-2p} = \frac{2}{3}$ অথবা, $\frac{1+2p}{1-2p} = \frac{-2}{3}$

বা, $3 + 6p = 2 - 4p$ বা, $3 + 6p = -2 + 4p$

বা, $10p = -1$ বা, $2p = -5$

∴ $p = \frac{-1}{10}$ ∴ $p = \frac{-5}{2}$

∴ নির্ণেয় সমাধান সেট, $S = \left\{ \frac{-1}{10}, \frac{-5}{2} \right\}$

প্রশ্ন ৬৮ P = $\frac{x+5a}{x-5a} + \frac{x+5b}{x-5b}$ এবং Q = $\log_{10} 3\sqrt{3} + \log_{10} 8 - \log_{10} 10\sqrt{10}$

◀সমন্বিত অধ্যায় ৪ ও ১১

[পঞ্চগড় বি. পি. সরকারি উচ্চ বিদ্যালয়, পঞ্চগড় ৷ প্রশ্ন নং ২]

ক. দেখাও যে, $\frac{x^a}{x^b} \times \frac{x^b}{x^c} \times \frac{x^c}{x^a} = 1$ ২

খ. P = 2 হলে প্রমাণ কর যে, $x = \frac{10ab}{a+b}$ ৪

গ. $\frac{Q}{\log 1.2}$ এর মান নির্ণয় কর। ৪

৬৮ নং প্রশ্নের সমাধান

ক L.H.S = $\frac{x^a}{x^b} \times \frac{x^b}{x^c} \times \frac{x^c}{x^a}$
 $= x^{a-b} \times x^{b-c} \times x^{c-a}$
 $= x^{a-b+b-c+c-a}$
 $= x^0$
 $= 1$

= R.H.S
 ∴ $\frac{x^a}{x^b} \times \frac{x^b}{x^c} \times \frac{x^c}{x^a} = 1$ (দেখানো হলো)

খ দেওয়া আছে, $P = \frac{x+5a}{x-5a} + \frac{x+5b}{x-5b}$

∴ $\frac{x+5a}{x-5a} + \frac{x+5b}{x-5b} = 2$

বা, $\frac{(x+5a)(x-5b) + (x+5b)(x-5a)}{(x-5a)(x-5b)} = 2$

বা, $\frac{x^2 + 5ax - 5bx - 25ab + x^2 + 5bx - 5ax - 25ab}{x^2 - 5ax - 5bx + 25ab} = 2$

বা, $\frac{2x^2 - 50ab}{x^2 - 5ax - 5bx + 25ab} = 2$

বা, $2x^2 - 50ab = 2x^2 - 10ax - 10bx + 50ab$

বা, $10ax + 10bx = 100ab$

বা, $x(a+b) = 10ab$

বা, $x = \frac{10ab}{a+b}$ (প্রমাণিত)

গ বামপক্ষ = $\frac{Q}{\log 1.2} = \frac{\log_{10} 3\sqrt{3} + \log_{10} 8 - \log_{10} 10\sqrt{10}}{\log_{10} 1.2}$
 $= \frac{\log_{10} \sqrt{27} + \log_{10} 8 - \log_{10} \sqrt{1000}}{\log 1.2}$

অতঃপর পাঠ্যবইয়ের অনুশীলনী ৪.২ এর উদাহরণ-১০ দ্রষ্টব্য। পৃষ্ঠা-৮৫

প্রশ্ন ৬৯ (i) $X = \sqrt[pq]{x^p \div x^q} \times \sqrt[qr]{x^q \div x^r} \times \sqrt[pr]{x^r \div x^p}$

(ii) a, b, c ক্রমিক সমানুপাতী।

◀সমন্বিত অধ্যায় ৪ ও ১১

[বাংলাদেশ গ্যাস ফিল্ডস স্কুল এন্ড কলেজ, ব্রাহ্মণবাড়িয়া ৷ প্রশ্ন নং ২]

ক. $(2^{-1} + 3^{-1})^{-1}$ এর মান নির্ণয় কর। ২

খ. (i) নং হতে দেখাও যে, $X = 1$ ৪

গ. (ii) নং হতে দেখাও যে, $a^2 b^2 c^2 \left(\frac{1}{a^3} + \frac{1}{b^3} + \frac{1}{c^3} \right) = a^3 + b^3 + c^3$ ৪

৬৯ নং প্রশ্নের সমাধান

ক $(2^{-1} + 3^{-1})^{-1}$

$= \left(\frac{1}{2} + \frac{1}{3} \right)^{-1}$

$= \left(\frac{3+2}{6} \right)^{-1}$

$= \left(\frac{5}{6} \right)^{-1}$

$= \frac{6}{5}$ (Ans.)

খ দেওয়া আছে,

$X = \sqrt[pq]{x^p \div x^q} \times \sqrt[qr]{x^q \div x^r} \times \sqrt[pr]{x^r \div x^p}$

$= \sqrt[pq]{x^{p-q}} \times \sqrt[qr]{x^{q-r}} \times \sqrt[pr]{x^{r-p}}$

$= x^{\frac{p-q}{pq}} \cdot x^{\frac{q-r}{qr}} \cdot x^{\frac{r-p}{pr}}$

$= x^{\frac{p-q}{pq} + \frac{q-r}{qr} + \frac{r-p}{pr}}$

$= x^{\frac{pr-qr+pq-pr+rq-pr}{pqr}}$

$= x^{\frac{0}{pqr}}$

$= x^0$

$= 1$ (দেখানো হলো)

গ সৃজনশীল ১১(খ) নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ৭০ m = $\frac{a^2 + b^2}{b^2 + c^2}$, n = $\frac{(a+b)^2}{(b+c)^2}$ এবং q = $\sqrt{2-r^2}$

[চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম ৷ প্রশ্ন নং ২]

ক. $m = \frac{a^2 - b^2}{b^2 - c^2}$ হলে প্রমাণ কর যে, a, b, c ক্রমিক সমানুপাতী। ২

খ. $m = n$ হলে দেখাও যে, $\frac{a}{b} = \frac{b}{c}$ । ৪

গ. $p = \frac{2-q}{2+q}$ হলে দেখাও যে, $r^2(p^2 + 1) + 2(p^2 + 1) = 12p - 2pr^2$ ৪

৭০ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে,

$$m = \frac{a^2 - b^2}{b^2 - c^2}$$

বা, $\frac{a^2 + b^2}{b^2 + c^2} = \frac{a^2 - b^2}{b^2 - c^2}$

বা, $\frac{a^2 + b^2}{a^2 - b^2} = \frac{b^2 + c^2}{b^2 - c^2}$

বা, $\frac{a^2 + b^2 + a^2 - b^2}{a^2 + b^2 - a^2 + b^2} = \frac{b^2 + c^2 + b^2 - c^2}{b^2 + c^2 - b^2 + c^2}$ [যোজন-বিয়োজন করে]

বা, $\frac{2a^2}{2b^2} = \frac{2b^2}{2c^2}$

বা, $(b^2)^2 = (ac)^2$

বা, $b^2 = ac$

সুতরাং a, b, c ক্রমিক সমানুপাতী (প্রমাণিত)

খ. সূজনশীল ৬৬(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ. দেওয়া আছে, $q = \sqrt{2-r^2}$

এখন, $p = \frac{2-q}{2+q}$

বা, $p = \frac{2 - \sqrt{2-r^2}}{2 + \sqrt{2-r^2}}$

বা, $\frac{p+1}{p-1} = \frac{2 - \sqrt{2-r^2} + 2 + \sqrt{2-r^2}}{2 - \sqrt{2-r^2} - 2 - \sqrt{2-r^2}}$

বা, $\frac{p+1}{p-1} = \frac{2.2}{-2.\sqrt{2-r^2}}$

বা $\left(\frac{p+1}{p-1}\right)^2 = \left(\frac{2}{-\sqrt{2-r^2}}\right)^2$

বা, $\frac{p^2 + 2p + 1}{p^2 - 2p + 1} = \frac{4}{2-r^2}$

বা, $\frac{p^2 + 2p + 1 + p^2 - 2p + 1}{p^2 + 2p + 1 - p^2 + 2p - 1} = \frac{4 + 2 - r^2}{4 - 2 + r^2}$

বা, $\frac{2(p^2 + 1)}{2.2p} = \frac{6 - r^2}{2 + r^2}$

বা, $\frac{p^2 + 1}{2p} = \frac{6 - r^2}{2 + r^2}$

বা, $2(p^2 + 1) + r^2(p^2 + 1) = 12p - 2pr^2$ (দেখানো হলো)

প্রশ্ন ৭১ a = x^p, b = x^q, c = x^r যেখানে, x > 0 এবং p, q, r > 0

◀সম্বিত অধ্যায় ৪ ও ১১

[শাহজালাল জামেয়া ইসলামিয়া স্কুল এন্ড কলেজ, সিলেট ৷ প্রশ্ন নং ২]

ক. 2025 এর লগ 4 হলে ভিত্তি কত? ২

খ. $R = \sqrt{\frac{a}{b}} \times \sqrt{\frac{b}{c}} \times \sqrt{\frac{c}{a}}$ এর মান নির্ণয় কর। ৪

গ. a ও b একক দৈর্ঘ্য ও প্রস্থ বিশিষ্ট আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 30% বৃদ্ধি এবং প্রস্থ 40% হ্রাস করলে ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি বা হ্রাস পাবে তা নির্ণয় কর। ৪

৭১ নং প্রশ্নের সমাধান

ক. 2025 এর লগ এর মান 4

ধরি, ভিত্তি = x

∴ log_x2025 = 4

বা, x⁴ = 2025

বা, x⁴ = (3√5)⁴

বা, x = 3√5

∴ ভিত্তি = 3√5 (Ans.)

2025 = 81 × 25

= 3 × 3 × 3 × 3 × 5 × 5

= (3√5)⁴

খ.

দেওয়া আছে, $R = \sqrt{\frac{pq}{b}} \times \sqrt{\frac{qr}{c}} \times \sqrt{\frac{rp}{a}}$

এবং a = x^p, b = x^q, c = x^r

∴ $R = \sqrt{\frac{pq}{x^q}} \times \sqrt{\frac{qr}{x^r}} \times \sqrt{\frac{rp}{x^p}}$

= x ^{$\frac{p-q}{2}$} . x ^{$\frac{q-r}{2}$} . x ^{$\frac{r-p}{2}$}

= x ^{$\frac{p-q}{2} + \frac{q-r}{2} + \frac{r-p}{2}$}

= x ^{$\frac{p-r+q+p-q-r+p-r+q-p}{2}$}

= x⁰

= 1 (Ans.)

গ.

আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = a একক, প্রস্থ = b একক

∴ ক্ষেত্রফল = ab বর্গ একক

30% বৃদ্ধিতে দৈর্ঘ্য = a + a এর 30% = a + $\frac{30a}{100}$

= $\frac{130a}{100}$ একক

= $\frac{13a}{10}$ একক

40% হ্রাসে প্রস্থ = b - b এর 40%

= b - $\frac{40b}{100}$

= $\frac{100b - 40b}{100} = \frac{6b}{10}$

∴ দৈর্ঘ্য বৃদ্ধি ও প্রস্থ হ্রাসের পর ক্ষেত্রফল = $\frac{13a}{10} \times \frac{6b}{10} = \frac{78ab}{100}$

ক্ষেত্রফল হ্রাসের শতকরা পরিমাণ = $\frac{ab - \frac{78ab}{100}}{ab} \times 100$

= $\frac{100ab - 78ab}{100}$

= $\frac{22ab}{100ab} \times 100$

= 22% (Ans.)

প্রশ্ন ৭২

y = $\frac{4ab}{a+b}$ এবং a : b = b : c

[বর্ডার গার্ড পাবলিক হাই স্কুল, শ্রীমঙ্গল, মৌলভীবাজার ৷ প্রশ্ন নং ২]

ক. ক, খ ও গ এক জাতীয় রাশি এবং ক : খ = 3 : 4, খ : গ = 6 : 7 হলে, ক : খ : গ কত? ২

খ. প্রমাণ কর যে, a²b²c² $\left(\frac{1}{a^3} + \frac{1}{b^3} + \frac{1}{c^3}\right) = a^3 + b^3 + c^3$ ৪

গ. $\frac{y+2a}{y-2a} + \frac{y+2b}{y-2b}$ এর মান নির্ণয় কর। ৪

৭২ নং প্রশ্নের সমাধান

ক.

দেওয়া আছে, ক : খ = 3 : 4 = 18 : 24 [6 দ্বারা গুণ]

এবং খ : গ = 6 : 7 = 24 : 28 [4 দ্বারা গুণ]

∴ ক : খ : গ = 18 : 24 : 28 (Ans.)

খ.

সূজনশীল ১১(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ.

দেওয়া আছে, y = $\frac{4ab}{a+b}$ (i)

বা, $\frac{y}{2a} = \frac{2b}{a+b}$

বা, $\frac{y+2a}{y-2a} = \frac{2b+a+b}{2b-a-b}$ [যোজন-বিয়োজন করে]

$\therefore \frac{y+2a}{y-2a} = \frac{a+3b}{b-a} \dots \dots \dots$ (ii)

(i) নং হতে পাই, $\frac{y}{2b} = \frac{2a}{a+b}$

বা, $\frac{y+2b}{y-2b} = \frac{2a+a+b}{2a-a-b}$ [যোজন-বিয়োজন করে]

$\therefore \frac{y+2b}{y-2b} = \frac{3a+b}{a-b} \dots \dots \dots$ (iii)

(ii) নং এবং (iii) নং সমীকরণ যোগ করে পাই,

$$\begin{aligned} \frac{y+2a}{y-2a} + \frac{y+2b}{y-2b} &= \frac{a+3b}{b-a} + \frac{3a+b}{a-b} \\ &= \frac{a+3b}{b-a} + \frac{3a+b}{-(b-a)} \\ &= \frac{a+3b}{b-a} - \frac{3a+b}{b-a} \\ &= \frac{a+3b-(3a+b)}{b-a} \\ &= \frac{a+3b-3a-b}{b-a} \\ &= \frac{2b-2a}{b-a} \\ &= \frac{2(b-a)}{(b-a)} = 2 \end{aligned}$$

$\therefore \frac{y+2a}{y-2a} + \frac{y+2b}{y-2b} = 2$ (Ans.)

প্রশ্ন ৭৩ $P = \frac{a+b}{b+c}$, $Q = \frac{c+d}{d+a}$, $R = \frac{a^2+b^2}{b^2+c^2}$

[মৌলভীবাজার সরকারি উচ্চ বিদ্যালয়, মৌলভীবাজার ৷ প্রশ্ন নং ৩]

ক. $a \text{ : } b = b \text{ : } c$ হয় তবে দেখাও যে, $R = \frac{a}{c}$

খ. $P^2 = R$ হলে দেখাও যে, a, b, c ক্রমিক সমানুপাতী। 8

গ. $P = Q$ হলে প্রমাণ কর যে, $c = a$ অথবা $a+b+c+d=0$. 8

৭৩ নং প্রশ্নের সমাধান

ক সূজনশীল ৪৮(ক) নং সমাধান দ্রষ্টব্য।

খ দেওয়া আছে, $P = \frac{a+b}{b+c}$ এবং $R = \frac{a^2+b^2}{b^2+c^2}$

$\therefore P^2 = R$ হলে,

$$\left(\frac{a+b}{b+c}\right)^2 = \frac{a^2+b^2}{b^2+c^2}$$

অতঃপর, সূজনশীল ৬৬(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ পাঠ্যবইয়ের অনুশীলনী-১১.১ এর উদাহরণ-৮ দ্রষ্টব্য। পৃষ্ঠা-২১২

প্রশ্ন ৭৪ a, b, c ক্রমিক সমানুপাতী এবং $\frac{6}{x} = \frac{1}{a} + \frac{1}{b}$

[বরগুনা জিলা স্কুল, বরগুনা ৷ প্রশ্ন নং ২]

ক. $a \text{ : } b = c \text{ : } d$ হলে দেখাও যে, $\frac{a^2+b^2}{a^2-b^2} = \frac{c^2+d^2}{c^2-d^2}$ ২

খ. প্রমাণ কর যে, $a^2b^2c^2 \left(\frac{1}{a^3} + \frac{1}{b^3} + \frac{1}{c^3}\right) = a^3 + b^3 + c^3$ 8

গ. সমানুপাতের ধর্ম ব্যবহার করে দেখাও যে, $\frac{x+3a}{x-3a} + \frac{x+3b}{x-3b} = 2$
যেখানে $a \neq b$. 8

৭৪ নং প্রশ্নের সমাধান

ক সূজনশীল ৪১(ক) নং সমাধান দ্রষ্টব্য।

খ সূজনশীল ১১(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ সূজনশীল ৮(খ) নং সমাধান দ্রষ্টব্য।

অনুশীলনী-১১.১

১. অনুপাত বলতে আমরা বুঝি-

- ক আলোচনা L সমালোচনা
গ তুলনা N তুলনামূলক আলোচনা

২. অনুপাত ব্যবহৃত হয়-

- ক ভিন্ন এককের দুটি রাশির মধ্যে L একই এককের দুটি রাশির মধ্যে
গ ভিন্ন এককের তিনটি রাশির মধ্যে
ঘ একই এককের চারটি রাশির মধ্যে

৩. $A : B$ অথবা $\frac{A}{B}$ ভাগ প্রক্রিয়া নির্দেশ করে-

- ক A ও B রাশি হলে খ A ও B সংখ্যা হলে
গ A ও B ভগ্নাংশ হলে ঘ A ও B অমূলদ সংখ্যা হলে

৪. অনুপাতের রাশি দুটিকে বলে-

- ক পূর্ব ও পশ্চিম রাশি খ পশ্চিম ও দক্ষিণ রাশি
গ পূর্ব ও উত্তর রাশি ঘ উত্তর ও দক্ষিণ রাশি

৫. সমানুপাত বলে-

- ক ১ম ও ২য় রাশির অনুপাত, ৩য় ও ৪র্থ রাশির অনুপাতের সমান হলে

খ ১ম ও ৩য় রাশির অনুপাত , ২য় ও ৪র্থ রাশির অনুপাতের সমান হলে
 গ ৩য় ও ৪র্থ রাশির অনুপাত , ২য় ও ১ম রাশির অনুপাতের সমান হলে
 ঘ ৪র্থ ও ১ম রাশির অনুপাত , ৩য় ও ২য় রাশির অনুপাতের সমান হলে

৬. কোনো অনুপাতের পূর্ব ও উত্তর রাশির-।

ক ঘনকে খ বর্গকে
 গ বর্গমূলকে ঘ ভাগফলকে

৭. $a : b = c : d$ হলে, কোনটি ব্যস্ত অনুপাতের উদাহরণ?

ক $\frac{a}{b} = \frac{c}{d}$ খ $\frac{b}{a} = \frac{d}{c}$
 গ $\frac{a}{d} = \frac{c}{b}$ ঘ $\frac{a}{c} = \frac{b}{d}$

৮. $a : b = c : d$ হলে, কোনটি একান্তর করণের উদাহরণ?

ক $\frac{a}{b} = \frac{c}{a}$ L $\frac{b}{a} = \frac{d}{c}$
 গ $\frac{a}{c} = \frac{b}{d}$ N $\frac{a}{b} = \frac{c}{d}$

৯. শতকরা একটি অনুপাত যার উত্তর রাশি-।

ক 0 L 1
 গ 100 N 10

১০. $60 : 100 =$ কত?

ক 2 : 5 L 3 : 5
 গ 2 : 3 N 1 : 5

১১. ৩ : ২ এর দ্বিগুণানুপাত কোনটি?

ক 2 : 3 L 4 : 9
 গ 9 : 4 N $\sqrt{3} : \sqrt{2}$

১২. ১৬ : ৯ এর দ্বিভাজিত অনুপাত কোনটি?

ক 4 : 3 L 3 : 4
 গ 9 : 16 N 256 : 81

১৩. a,b,c,d ক্রমিক সমানুপাতিক হলে কোনটি সত্য?

ক $\frac{a}{b} = \frac{b}{c} = \frac{c}{d}$ L $\frac{a}{b} = \frac{b}{c}$
 গ $\frac{a}{b} = \frac{c}{d}$ N $\frac{b}{a} = \frac{b}{d}$

১৪. $X; y = 5 : 6$ হলে, $3x : 5y =$ কত?

ক 10 : 25 খ 15 : 30
 গ 15 : 35 ঘ 20 : 45

১৫. 3.5 : 4.9 কে 1 : x আকারে প্রকাশ কর।

ক 3 : 4 খ 1 : 1.4
 গ 1 : 3 ঘ 2 : 1

১৬. 2 : 3, 9 : 10 এর ধারাবাহিক অনুপাত কত?

ক 2 : 3 : 10 খ 6 : 9 : 10
 গ 2 : 3 : 9 ঘ 3 : 9 : 10

১৭. $a : b = 4 : 7$ এবং $b : c = 5$ হলে $a : b : c =$ কত?

ক 4 : 7 : 6 খ 20 : 35 : 24
 গ 20 : 35 : 42 ঘ 24 : 35 : 30

২৬. ধারাবাহিক অনুপাত বলে-।

ক এক বা একাধিক অনুপাতকে দুই বা ততোধিক অনুপাতকে

খ দুই বা ততোধিক অনুপাতকে একটি তিন বা ততোধিক রাশির অনুপাতকে

গ তিন বা ততোধিক অনুপাতকে চার বা ততোধিক অনুপাতকে

ঘ দুই বা দুটির বেশি অনুপাতকে একটি রাশির অনুপাতে প্রকাশ করলে

২৭. কোনো রাশিকে নির্দিষ্ট অনুপাতে ভাগ করাকে বলে-।

ক আনুপাতিক ভাগ খ সমানুপাতিক ভাগ

গ দ্বিগুণানুপাত ঘ সমানুপাত

২৮. 48 : 72 অনুপাতটি কোনটির সমান?

ক 3 : 2 খ 1 : 2

গ 2 : 3 ঘ 4 : 5

২৯. 4 : 6 : 8 অনুপাত কোনটির সমতুল্য?

ক 1 : 2 : 4 খ 2 : 3 : 4

গ 1 : 3 : 4 ঘ 2 : 3 : 4

৩০. $\frac{3}{5} : \frac{4}{5}$ কত?

ক 16 : 15 খ 8 : 12

গ 15 : 16 ঘ 6 : 7

৩১. ক : খ = 3 : 2 এবং খ : গ = 4 : 3 হলে, ক : খ : গ = কত?

ক 6 : 4 : 3 খ 3 : 2 : 3

গ 6 : 9 : 3 ঘ 2 : 4 : 6

৩২. ক এর আয় 1000 টাকা, খ এর আয় 1500 টাকা এবং গ এর আয় 1125 টাকা হলে, ক : খ : গ = কত?

ক 8 : 10 : 13 খ 4 : 6 : 9

গ 8 : 9 : 12 ঘ 8 : 12 : 9

৩৩. ক : খ = 3 : 4 এবং খ : গ = 5 : 6 হলে, ক : খ : গ = কত?

ক 20 : 24 : 25 খ 15 : 18 : 22

গ 15 : 20 : 24 ঘ 15 : 12 : 10

৩৪. $\frac{1}{2} : \frac{1}{3} : \frac{1}{9}$ অনুপাতটি কোনটির সমতুল্য?

ক 6 : 2 : 9

খ 9 : 6 : 2

গ 9 : 4 : 3

ঘ 9 : 12 : 15

৩৫. $\frac{2}{3} : \frac{4}{5} : \frac{5}{6}$ এর অনুপাত কোনটি?

ক 20 : 24 : 25

খ 22 : 24 : 27

গ 20 : 22 : 25

ঘ 18 : 20 : 24

৩৬. a : b = 3 : 4 এবং b : c = 8 : 9 হলে a : c = কত?

ক 3 : 2

খ 1 : 2

গ 2 : 3

ঘ 4 : 5

৩৭. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত 3 : 4 : 5 হলে, কোণ তিনটি ডিগ্রিতে প্রকাশ কর।

ক 90°, 30°, 60° খ 45°, 60°, 75°

গ 80°, 10°, 90° ঘ 50°, 60°, 70°

৩৮. কাগজের ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = 5 : 6 এতে শতকরা কত লাভ হবে?

ক 30%

খ 20%

গ 25%

ঘ 15%

৩৯. ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = 4 : 5 হলে, এতে শতকরা কত লাভ?

ক 10%

খ 15%

গ 20%

ঘ 25%

৪০. একটি কলমের ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = 3 : 2 হলে, এতে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

ক 15% লাভ

খ 15% ক্ষতি

গ 20% ক্ষতি

ঘ 20% লাভ

৪১. ধানে চাল ও তুষের অনুপাত 7 : 3 হলে, এতে শতকরা কি পরিমাণ চাল আছে?

ক 20%

খ ৫০%

গ 60%

ঘ 70%

৪২. 1 ঘন সে.মি. কাঠের ওজন 7 ডেসিগ্রাম। কাঠের ওজন সম আয়তন পানির ওজনের শতকরা কত?

ক 60%

খ 70%

গ 80%

ঘ 90%

৪৩. একটি কাঠের পুল তৈরির প্রাক্কলিত ব্যয় 90,000 টাকা। কিন্তু খরচ বেশি হয়েছে 21,600 টাকা। খরচ শতকরা কত বৃদ্ধি পেয়েছে?

ক 24%
গ 36%

খ 12%
ঘ 48%

৪৪. একটি মাঠের ক্ষেত্রফল 1176 বর্গমিটার। ঐ মাঠের দৈর্ঘ্য ও প্রস্থের সঙ্গে অপর একটি মাঠের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত যথাক্রমে 4 : 3 এবং 3 : 2 হলে, অপর মাঠের ক্ষেত্রফল নির্ণয় কর।

ক 176
গ 392

খ 294
ঘ 588

৪৫. কাগজের পূর্বমূল্য : বর্তমান মূল্য = 2 : 3। পূর্বের তুলনায় মূল্য শতকরা কত বৃদ্ধি পেয়েছে?

ক 50%
M 30%

খ 25%
ঘ 75%

৪৬. একটি মাঠের জমিতে সেচের সুযোগ আসার আগের ও পরের ফলনের অনুপাত 4 : 7 ঐ মাঠে যে জমিতে আগে 30.4 কুইন্টাল ধান ফলত, সেচ পাওয়ার পর তার ফলন কত কুইন্টাল হবে?

ক 52.3
গ 53.2

খ 51.2
ঘ 53.5

৪৭. যদি কোন বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর পরিমাণ 10% হ্রাস পায়, তবে তার ক্ষেত্রফল শতকরা কত হ্রাস পাবে?

ক 5%
গ 19%

খ 9%
ঘ 21%

৪৮. দুইটি সংখ্যার অনুপাত 5 : 6 এবং তাদের গ. সা. গু. 4 হলে ল.সা. গু. কত?

ক 60
গ 90

খ 120
ঘ 150

৪৯. দুইটি সংখ্যার অনুপাত 7 : 8 এবং গ.সা.গু 4 হলে, ল.সা. গু. কত?

ক 124
গ 324

খ 224
ঘ 424

৫০. ক : খ = 2 : 3 খ : গ = 1 : 2 এবং গ : ঘ = 3 : 2 হলে, ক : খ : গ : ঘ = কত?

ক 2 : 3 : 6 : 4
গ 2 : 3 : 4 : 5

খ 1 : 3 : 4 : 5
ঘ 2 : 3 : 5 : 6

৫১. 5 : 18, 7 : 11, 9 : 14 এবং 11 : 15 এর মিশ্র অনুপাত কোনটি?

ক 2 : 7
খ 3 : 5

গ 1 : 12

ঘ 7 : 12

৫২. 3, 9 ও 5 এর চতুর্থ সমাণুপাতিক কত?

ক 8
গ 10

খ 9
ঘ 12

৫৩. 10000 টাকাকে 1 : 2 : 3 : 4 অনুপাতে বিভক্ত করা হল। প্রথম অংশের পরিমাণ কত?

ক 1000 টাকা
গ 2000 টাকা

খ 3000 টাকা
ঘ 4000 টাকা

৫৪. ৫০ লিটার মিশ্রণে সিরাপ ও পানির অনুপাত ৩ : ২। ঐ মিশ্রণে সিরাপ ও পানির পরিমাণ কত?

ক 20.30 লিটার
গ ৩০.২০ লিটার

খ 25.30 লিটার
ঘ 15.35 লিটার

৫৫. ক ও খ নির্দিষ্ট পথ যথাক্রমে ৩ ও ৪ মিনিটে অতিক্রম করে। তাদের গতিবেগের অনুপাত কত?

ক 3:4
গ 4:3

খ 2:3
ঘ 3:5

৫৬. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত ৭ : ৩। পুত্রের বয়স ১২ বছর হলে, পিতার বয়স কত?

ক 21 বছর
গ 26 বছর

খ 24 বছর
ঘ 28 বছর

৫৭. তিনজন জেলে ৬৯০ টি মাছ ধরেছে। তাদের অংশের

অনুপাত $\frac{2}{3}, \frac{4}{5}, \frac{5}{6}$ এবং $\frac{5}{6}$ হলে,

- ১ম জেলে পায় ২০০টি
- ২য় জেলে পায় ২৪০ টি
- ৩য় জেলে পায় ৩০০ টি

উপরের তথ্যের ভিত্তিতে কোনটি সঠিক?

ক i,ii
গ i,iii

খ ii, iii
ঘ i,ii,iii

৫৮. ক্রিকেট খেলায় বুলবুল, নান্নু ও আকরাম তারা তিনজন মিলে মোট ১৭১ রান করল। বুলবুল ও নান্নু এবং নান্নু ও আকরামের রানের অনুপাত ৩ : ২ হলে,

- বুলবুলের রান সংখ্যা ৮১
- নান্নুর রান সংখ্যা ১০০
- আকরামের রান সংখ্যা ৩৬

